কেন্দ্রীয় সরকারে
৩৯৬
...পৃঃ ৯

কর্মক্ষেত্র
ISSN 0971-7765

পি এস সি
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

বর্ষ ৪৬ সংখ্যা ৪৭ কলকাতা বুধবার, ১৭ জুন ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২ আষাঢ় ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# এইমসে ১১৯৫ ডায়েটেশিয়ান, টেকনিশিয়ান ইঞ্জিনিয়ার, ক্লার্ক, ফার্মাসিস্ট, স্টোর কিপার

গ্রুপ 'বি' ও গ্রুপ 'সি' পদে ১,১৯৫ জনকে নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এইমস ও বিভিন্ন কেন্দ্রীয় সরকারি স্বাস্থ্য-প্রতিষ্ঠানে নিয়োগ করা হবে ডায়েটেশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার, লোয়ার ডিভিশন ক্লার্ক, আপার ডিভিশন ক্লার্ক, ফার্মাসিস্ট, মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান, স্টোর কিপার, হসপিটাল অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট, নার্সিং অফিসার, স্টেনোগ্রাফার, ক্যাশিয়ার-সহ বিভিন্ন পদে। প্রার্থী বাছাই করা হবে 'কমন রিক্রুটমেন্ট এক্সামিনেশন-৫'-এর মাধ্যমে।

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ডায়েটিশিয়ান: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: ফুড অ্যান্ড নিউট্রিশনে এম এসসি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

ডায়েটিশিয়ান: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: হোম সায়েন্স ফুড অ্যান্ড নিউট্রিশন বা ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স বা ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন বা ফুড অ্যান্ড নিউট্রিশন ডায়েটেটিক্স বা ফুড সার্ভিস ম্যানেজমেন্ট অ্যান্ড ডায়েটেটিক্সে এম এসসি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে।

অ্যাসিস্ট্যান্ট: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার ব্যবহারে (এম এস অফিস/পাওয়ার পয়েন্ট) দক্ষতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা:

এরপর আটের পাতায়

## গ্রাম পঞ্চায়েতে শীঘ্রই ১১০০০ চাকরি

### কোন পদে কী শিক্ষাগত যোগ্যতা

নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরগুলিতে ধাপে ধাপে প্রায় ১১,০০০ শূন্যপদ পূরণ করতে চলেছে রাজ্য সরকার। প্রথম পর্যায়ে ৬,৫৩৬টি শূন্যপদ পূরণের অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। তবে এই সংক্রান্ত কোনও নিয়োগ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। 'কর্মক্ষেত্র'-র পাঠক-পাঠিকাদের প্রস্তুতির সুবিধার্থে সম্ভাব্য পদগুলিতে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও বয়স সম্পর্কিত তথ্য জানানো হল।

ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট: শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

স্টেনোগ্রাফার: শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দ ও কম্পিউটারে প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপিংয়ের দক্ষতা অথবা বাংলায় শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৭০টি শব্দ ও কম্পিউটারে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

এরপর বারোর পাতায়

## সি-ড্যাকে ১৯৪

বিভিন্ন শাখায় ১৯৪ জন প্রোজেক্ট অ্যাসোসিয়েট ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে সি-ড্যাক (সেন্টার ফর ডেভেলপমেন্ট অব অ্যাডভান্সড কম্পিউটিং)। এটি কেন্দ্রের ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে বেঙ্গালুরুতে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর:

এরপর সাতের পাতায়

## সেন্ট্রাল ব্যাঙ্কে ৪৫০০ অ্যাপ্রেন্টিস

৪,৫০০ জন স্নাতক তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (সময়ানুসারে সংশোধনী) অনুসারে ১ বছরের অন-দ্য জব প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৩১৫টি আসনের বিষয়ে জানানো হল।

জেলা অনুসারে আসনসংখ্যার বিন্যাস: বাঁকুড়া ৮, ঝাড়গ্রাম ১, পশ্চিম মেদিনীপুর ৮, পূর্ব মেদিনীপুর ৭, পুরুলিয়া ৭,

**শিক্ষাগত যোগ্যতা: স্নাতক**

আলিপুরদুয়ার ১৮, কোচবিহার ৩২, বীরভূম ১০, মুর্শিদাবাদ ৫, পশ্চিম বর্ধমান ১৮, পূর্ব বর্ধমান ১৩, জলপাইগুড়ি ২৩, কলকাতা ৫০, নদিয়া ১০, উত্তর চব্বিশ পরগনা ২৬, হাওড়া ৭, হুগলি ১৮, দক্ষিণ চব্বিশ পরগনা ১০, দক্ষিণ দিনাজপুর ৪, দার্জিলিং ২১, কালিম্পং ৫, মালদা ১০, উত্তর দিনাজপুর ১১।

ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা: সাধারণ ১২৬, তফসিলি জাতি ৭২, তফসিলি উপজাতি ১৬, ওবিসি ৬৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩২। এর মধ্যে ৩টি করে আসন দৃষ্টি, অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৪টি আসন বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। ১-১-২০২২ বা তার পরে স্নাতক ডিগ্রি পেয়ে থাকতে হবে।

এরপর সাতের পাতায়

## অ্যাকসেঞ্চারে ২১ হাজার সফটওয়্যার ইঞ্জিনিয়ার

২১,৬০০ সফটওয়্যার ইঞ্জিনিয়ার নেবে তথ্যপ্রযুক্তি সংস্থা অ্যাক্সেঞ্চার। প্রচুর শূন্যপদ রয়েছে সংস্থার কলকাতা কেন্দ্রে। প্রধানত কাস্টমার সাপোর্ট ইঞ্জিনিয়ার ... অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে ৭ হাজারের বেশি শূন্যপদে আবেদন করা যাবে। একেবারেই এন্ট্রি লেভেলের প্রার্থীদের জন্য রয়েছে ১০০টি শূন্যপদ। ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্নরা ১২ হাজার শূন্যপদে আবেদন করতে পারবেন।

### শূন্যপদ রয়েছে এন্ট্রি লেভেলেও

সফটওয়্যার ইঞ্জিনিয়ার, অ্যাপ্লিকেশন সাপোর্ট ইঞ্জিনিয়ার, টেকনোলজি প্লাটফর্ম ইঞ্জিনিয়ার, ফুল স্ট্যাক ইঞ্জিনিয়ার পদে নিয়োগ হবে বিভিন্ন স্তরে।

সংস্থার তরফে জানানো হয়েছে, বিভিন্ন বিভাগের কাজের উপযোগী সফটওয়্যার সলিউশনের

এরপর সাতের পাতায়

## সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

বিভিন্ন বিভাগে অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৯০ জনকে নেবে দিল্লির সেন্ট্রাল সংস্কৃত ইউনিভার্সিটি। নিয়োগ করা হবে প্রতিষ্ঠানের তিনটি ক্যাম্পাসে—হিমাচল প্রদেশের বেদব্যাস ক্যাম্পাস, উত্তরাখণ্ডের শ্রী রঘুনাথ কীর্তি ক্যাম্পাস এবং ত্রিপুরার একলব্য ক্যাম্পাসে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র

**অনলাইন আবেদনের শেষ তারিখ ১০ জুলাই**

এরপর দুয়ের পাতায়

## মাজাগন ডকে ৪৯৫ অ্যাপ্রেন্টিস

৪৯৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের মাজাগন ডক শিপবিল্ডার্স। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: MDL ATS/01/2026

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: গ্রুপ 'এ': ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রিশিয়ান: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ফিটার: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পাইপ ফিটার: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

এরপর সাতের পাতায়

## সরকারি গবেষণাগারে ১৭৯

মাল্টি টাস্কিং স্টাফ, স্টাফ নার্স, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট-সহ বিভিন্ন পদে ১৭৯ জনকে নেবে সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন ইউনানি মেডিসিন। এটি কেন্দ্রীয় সরকারের আয়ুশ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2026.

শূন্যপদের বিবরণ: গ্রুপ এ: রিসার্চ অফিসার: ইউনানি ১৬টি, প্যাথোলজি ২টি, ফিজিয়োলজি ১টি।

গ্রুপ বি: অ্যাসিস্ট্যান্ট রিসার্চ

এরপর বারোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

## স্বনির্ভরতার সন্ধান

## মাশরুম চাষ উপার্জনের সুযোগ করে দিচ্ছে



**সুস্বাদু, স্বাস্থ্যকর ও ঔষধিগুণ থাকায় খাবার ও ওষুধ তৈরির জন্য মাশরুমের চাহিদা ক্রমশ বাড়ছে। ভারতে ধীরে ঘটছে মাশরুম চাষের প্রসার। মাশরুম চাষ ও ব্যবসা অত্যন্ত লাভজনক। তবে প্রশিক্ষণ নিয়ে তবেই ব্যবসায় অগ্রসর হওয়া ভালো।**

নিজস্ব প্রতিনিধি: আমাদের দেশে ধীরে হলেও মাশরুম চাষের প্রসার ঘটছে। সুস্বাদু এবং পর্যাপ্ত খাদ্যগুণ থাকায় মাশরুম অত্যন্ত জনপ্রিয়। অন্যান্য সবজির তুলনায় বাজারে মাশরুমের দাম বেশি, লাভও বেশি। স্থানীয় বাজারে বিক্রি করা ছাড়াও বিদেশে মাশরুম রপ্তানির সুযোগ রয়েছে।

মাশরুমের চাষ যথেষ্ট লাভজনক হওয়ায়, বেকার তরুণ-তরুণীদের মধ্যে এর চাষে যথেষ্ট উৎসাহ দেখা যাচ্ছে। মাশরুম চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন। চাষ করার পদ্ধতিও জটিল নয়।

সরকার মাশরুম চাষের জন্য কৃষকদের উৎসাহিত করতে প্রশিক্ষণ ও ভর্তুকি দিয়ে থাকে। কম সময়ে, কম মূলধনে এবং কম জায়গায় এই ব্যবসাটি শুরু করা যায়। মাশরুম চাষে রোগ ও পোকার আক্রমণও

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

অবসোত্তর জীবনে 60-75 Top MNC তে উচ্চ আয় Retd Govt/ Bank Rly, army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমন দ্রুতপদোন্নতি Bonus P.S Bose: 62912-11862.

□

ভারতবর্ষের তৃতীয় বৃহত্তম কোম্পানিতে লোক নেওয়া হচ্ছে, স্থায়ী/অস্থায়ী ম্যানেজার পদে। বয়স: 21-64 M/F, গৃহবধূ/ অবসরপ্রাপ্ত/ বীমা কার্যকর্তা যোগাযোগ- 85858-82303.

□

**Top Corporate Sector-Kol hiring** Manager & Consultant Good Package Retd/ Homemakers, Businessman (Age: 21-64) 10+ qualified 79806-81586.

□

**Walk in Interview in Banking** Sector for Team Leader/Mngr. Retd Govt/Bank/Rly/Army/Teacher/ Homemaker Salary + Bonus Payel- 70039-35257.

□

সেন্ট্রাল কলকাতায় অবস্থিত সুদীর্ঘ এবং সুপ্রতিষ্ঠিত একটি চামড়া/টেক্সটাইল এবং অনুরূপ পণ্য রপ্তানি প্রতিষ্ঠানে পণ্য বাছাই এবং প্যাকিং-এর কাজে প্রাথমিক ইংরেজি শব্দ পড়তে জানা মাধ্যমিক পাস কর্মী (পুরুষ/নারী) জরুরী ভিত্তিতে নিয়োগ চলছে। যোগাযোগ নং: +91 62903-23988.

□

**Reqd. 1) Male Civil Diploma for** site supervision & marketing 2) Female graduate fluent in Eng/ Hindi/Beng. for marketing from back office. Apply to: sylsc9@gmail.com

□

### কর্মখালি

অবসরপ্রাপ্তদের সাথে কলকাতার অফিসে বসে সপ্তাহে দুদিন কাজ করে ভালো উপার্জন আর সম্মান পেতে একবার অফিসে আসুন। লিমিটেড ভ্যাকেন্সি। AVP- 97488-70286.

□

১) স্ট্রাকচারাল ফেব্রিকেশন এবং ইরেকশন-এর জন্য অভিজ্ঞ সাইট সুপারভাইজার ২) অভিজ্ঞ স্ট্রাকচারাল ফিটার ৩) Retd. অভিজ্ঞ স্ট্রাকচারাল ফেব্রিকেশন এবং ইরেকশন ম্যানেজার প্রয়োজন Send CV: careers@rmsinha.com

□

**Sigma Healthcare urgent required** Marketing Executive, Receptionist, Phlebotomist, Radiographer, USG Female Attendant, Sub staff, Send your CV through by Email: sigmahealthcarekolkata@gmail. com or W/App: 98302-47415.

□

**Editor চাই**

**Biology-তে Honours Graduate** Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন: rayandmartineditor@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়ারের কাছে।

□

**Reqd. H.S/ Graduate/ Diploma** Mech for industry sales (exp 2-3 yrs) - 2.5 LPA send C.V Mail- endev333@gmail.com, Contact- 94334-38575.

□

**Wanted Experienced PET** (M.PEd) & PRT (Maths) Send CV to: futuregemsacademy@gmail. com Bakhrahat, South 24 Pgs, Pin- 743377 CBSE Affiliated School

□

### কর্মখালি

**'Proficient candidates required** for the position of Accounts Manager for proprietor Niranjan Saha'. Exp: Min 2yrs. Max age : 40 yrs. Min M.Com. Cont: 91471-33725 Email: saha791320@gmail.com.

□

**Counter Salesman required for** Medicine Shop near PG & CMRI Hospital, Age: 25-35, Exp-Min 5 yrs. (M) 98300-28726.

□

**Required 1) Female telecaller for** an education consultancy salary: 8k-15k. 2) Office boy salary: 7k-10k Call: 98368-22167.

□

**"St. Xavier's College", 30 Mother** Teresa Sarani, Kolkata-700 016, invites applications with complete Bio-data & relevant documents for the following post of full-time Assistant Professor :- 1) Assistant Professor in Economics [Substantive Post (Level-10) (Full-time) - 1 post] Minimum Qualification required: M.Sc. in Economics with minimum 55% marks, NET or SET or Ph.D (under Regulation 2009) qualified. Desirable Expertise Specialization in Mathematical methods in Economics, Mathematical Economics and Quantitative Methods, Computer Programming and Competence in co-curricular activities and Computer Programming skills may be preferred. Qualifying upper age limit is 40 (forty years) as on 01.01.2026 relaxable upto 5 years for SC/ST and 3 years for OBC category (non-creamy layer) candidates. Applications addressed to the Principal along with CV and a Demand Draft of Rs. 2000/- to be drawn in favour of "St. Xavier's College" payable at Kolkata, to reach latest by 05.07.2026.

□

### কর্মখালি

অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে পুনর্নিয়োগ, Kol স্বনামধন্য Co.তে অফিস জবে Govt/Pvt Retd/VRS-দের জন্য। 45-70, HS+. Salary + PF + Bonus. অমল-98316-74368.

□

**Reqd. Factory Supervisor Age** Below 35 years, Graduate, Tally Knowledge, Minimum 3 yrs. experience Apply at: industriesalpana@gmail.com with expected salary.

□

এক ফোনে ভাগ্য পরিবর্তন। **High** Profile Job আপনার জন্য। High Grade officer for Exp Person Fixed Salary: 30K-65K, অন্যান্য 10K-35K. 84205-63709.

□

**Reqd. B.Sc (Chem) Fresher as** chemist at Bandel, Hooghly. Email: CV at leadstonekol@ gmail.com

□

**Wanted Exp Receptionist and** Marketing executive with 2WHLR for a NABL Pathology Lab at South Kolkata. W/App: 70032-32505/ 94337-77578.

□

বাড়ীতে 24 ঘন্টা কাজের জন্য পিছুটানহীন অল্পবয়সী মহিলা চাই। বেতন- ১২০০০/-, M- 98365-47431, 90381-89090.

□

**Retd-Rail/Sail/Banker/গভঃ/Pvt/** VRS/ব্যবসায়ী/গৃহবধূ 25-70yr. চাই ভারতের বৃহত্তম Coর Kol পার্ট/ফুল টাইম কাজ আয় 4-6Lac/ pa + PF + ESI 93316-49800.

□

**Reputed Corporate Gr. reqd.** Retd./ HouseWife/ Businessman/ Fresher HS+ for Part/ Full Time Attractive Salary, Inc. + PF + ESI 62893-03389.

□

### কর্মখালি

**Part Time স্বগৃহে Project Books.** Com বই দেখে হাতে লিখে/হাতে ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ বা স্মার্ট ফোনে টাইপ করে সপ্তাহে আয়ের সুযোগ 82748-74519.

□

কলকাতাসহ সারা ভারতে ও বিদেশে জাপা রান্না বাচ্চা/ পেশেন্ট দেখা ও ঘরোয়া কাজে M/F চাই। 12K - 2L/- থাকা + খাওয়া। 70591-66264/ 90515-22914.

□

কলকাতার স্বনামধন্য পাম্প কোম্পানির জন্য অন-সাইট সার্ভিসিং-এর কাজে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞ ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল টেকনিশিয়ান এবং ৫ বছরের অভিজ্ঞ প্যানেল ওয়ারিং-ডিজাইন-এর টেকনিশিয়ান প্রয়োজন। আগ্রহী প্রার্থীরা বায়োডাটা পাঠান (WhatsApp) 62923-12866.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২০ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**ICSE/ ISC affiliated School seeks** Female Teachers Pol Sci, Eco, Comp, Eng, Chem, Hindi. S Kolkata pref. CV: drsrkmsteachers@gmail.com

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় FMCG পণ্যের বিপণনের এবং নতুন ডিস্ট্রিবিউটর নিয়োগের জন্য অনেক সেলসম্যান নেওয়া হবে, আকর্ষণীয় বেতন ও অন্যান্য সুবিধা প্রচলিত FMCG সেক্টরের কাঠামো অনুযায়ী। Mail: hrcell1983@gmail.com

□

**Studio Arya, Dumdum Park** reqd. Accountant Male/Female. Commerce Graduate+ must know Tally Prime, Excel, Word, Age: 26-36. 70013-88863.

□

হাওড়ায় ইঞ্জিনিয়ারিং কারখানার জন্য ২ জন অভিজ্ঞ গ্যাস কাটার-সহ ওয়েল্ডার প্রয়োজন, মিগ মেশিন চালাতে পারবে এবং ১ জন মার্কার ফিটার প্রয়োজন। খুব দ্রুত। যোগাযোগ: ৯৮৩০১-২৬২১২।

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# মাশরুম চাষ উপার্জনের সুযোগ করে দিচ্ছে

*প্রথম পাতার পর*

অনেকটাই কম।

তবে মাশরুম চাষ করতে চাইলে আগে হাতে-কলমে প্রশিক্ষণ নেওয়া জরুরি।

## চাষের পরিবেশ

শীতে স্যাঁতসেঁতে অন্ধকার ঘর মাশরুম চাষের জন্য উপযুক্ত। গ্রীষ্মকালে যে-কোনও চালাঘরের নীচে অথবা বারান্দায় বা ছাদে একটু জায়গা করে নিয়ে চাষ করা যায়। বর্ষায় জল প্রবেশ করে না অথচ বাতাস চলাচলের সুবিধা আছে এমন ঘর প্রয়োজন। মাশরুম নানা ধরনের হয়। প্রচলিত প্রায় সব ধরনের মাশরুমের জন্য পশ্চিমবঙ্গের আবহাওয়া ও জলবায়ু উপযোগী।

## প্রশিক্ষণ

### কল্যাণী বিশ্ববিদ্যালয়

মাশরুম চাষের প্রশিক্ষণ দেওয়া হয় কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অ্যাডাল্ট এডুকেশন সেন্টারে। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা এই প্রশিক্ষণ নিতে পারেন। কোনও নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। দু' দিনের হাতে-কলমে প্রশিক্ষণে শেখানো হয় ঝিনুক বা অয়েস্টার মাশরুম এবং মিল্কি মাশরুমের চাষ। প্রশিক্ষণের খরচ ৭০০ টাকা। আগ্রহীরা আবেদন করে রাখবেন। বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় কর্তৃপক্ষ প্রশিক্ষণের দিনক্ষণ ঠিক করে ডেকে নেবেন। প্রশিক্ষার্থীরা সার্টিফিকেট পাবেন। এই সার্টিফিকেট মাশরুম ব্যবসার জন্য ঋণ পেতে সাহায্য করবে।

যোগাযোগ: (০৩৩) ২৫৮০-৮৩৭১, ৯৮৩০৯-৪৫০৯৫, ৭৯৮০৯-৬৯৬৭১। ফোন করার সময় সকাল ১১টা থেকে বিকেল ৫টা।

### ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি

অফলাইন ও অনলাইনে মাশরুম চাষের প্রশিক্ষণ দেয় উত্তরপ্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। এই প্রশিক্ষণ নেওয়ার জন্য বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। পুরুষ-মহিলা উভয়ই এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

কোর্সের নাম: মাশরুম প্রোডাকশন।

কোর্সের সময়: অফলাইন: ২৯ জুন-২ জুলাই। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা ৩০ মিনিট পর্যন্ত। অনলাইন: ১৬-১৮ জুলাই। প্রতিদিন দুপুর ২টো ৩০ মিনিট থেকে বিকেল ৪টে ৩০ মিনিট পর্যন্ত।

কোর্সের খরচ: অফলাইন: ৯,৪৮৮ টাকা। অনলাইন: ৬,৫৫০ টাকা।

অফলাইন, অনলাইন— উভয় ক্ষেত্রেই শিক্ষার মাধ্যম হিন্দি ও ইংরেজি। অফলাইনের ক্ষেত্রে ২০ জন ও অনলাইনের ক্ষেত্রে ১৫ জনকে নিয়ে গ্রুপ তৈরি হবে। অফলাইন কোর্সের ক্ষেত্রে বাণিজ্যিক মাশরুম ফার্মে গিয়ে অভিজ্ঞ চাষিদের সঙ্গে কথা বলার সুযোগ রয়েছে। হস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়ার সুবিধা আছে।

বিস্তারিত জানতে দেখতে পারেন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://iht.edu.in/

### জেএনএন অ্যাগ্রোবায়োটিক

কলকাতার বৈষ্ণবঘাটা পাটুলির জেএনএন অ্যাগ্রোবায়োটিক একটি বেসরকারি সংস্থা। সংস্থাটি ১৫ বছরের বেশি সময় ধরে মাশরুম উৎপাদন ও বিক্রির সঙ্গে যুক্ত এবং মাশরুম চাষে আগ্রহীদের প্রশিক্ষণ দিয়ে থাকে। জেএনএন অ্যাগ্রোবায়োটিকের কলকাতা ও মেদিনীপুরের দু'টি শাখাতেই মাশরুম চাষের একাধিক কোর্স করানো হয়। এখানে অয়েস্টার, মিল্কি, বাটন ইত্যাদি নানা ধরনের মাশরুম চাষ হাতে-কলমে শেখানো হয়। বেশ কিছু মাশরুম আছে যা দিয়ে ওষুধ তৈরি করা হয়। সেই ধরনের কয়েকটি মাশরুম চাষের প্রশিক্ষণও দেয় এই সংস্থা। এ ছাড়া মাশরুম দিয়ে খাদ্যদ্রব্য প্রস্তুতের প্রশিক্ষণও দেওয়া হয়। কোর্সের খরচ ২,৯০০-৫,০০০ টাকার মধ্যে। কোর্স শেষে ফার্ম ভিজিট করানো হয়।

পাশাপাশি বীজ এবং পরিণত মাশরুম কিনতেও পারবেন এই সংস্থার কাছ থেকে। কেউ চাইলে পাইকারি দরে মাশরুম কিনে খুচরো ব্যবসাও করতে পারেন। তা ছাড়া এঁরা নিজেরা তৈরি করেন মাশরুমের কুকিজ, আচার, সুপ পাউডার, নুডলস ইত্যাদি। এখান থেকে এই সব সামগ্রী কিনে বা প্রশিক্ষণ নিয়ে ব্যবসা করা যায়। বিশেষ করে বাটন মাশরুম চাষ করার জন্য পরিকাঠামো তৈরি করতে চাইলে সংস্থার কর্তৃপক্ষ সাহায্য করেন।

কোর্সে ভর্তির জন্য কোনও নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। ভর্তি হওয়ার জন্য বছরের যে-কোনও সময় আবেদন করা যেতে পারে। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়।

যোগাযোগ: ৯১২৩০-০৬৬৫৮, ৯০৮৮০-৮৯০৮৫ (ফোন করার সময় সকাল ১০টা থেকে বিকেল ৬টার মধ্যে)।

### বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির

পূর্ব মেদিনীপুরের বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দিরের ভোকেশনাল এডুকেশন বিভাগে মাশরুম চাষের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষক মনোরঞ্জন বৈরাগী ২০০৬ সাল থেকে এই প্রতিষ্ঠানে ট্রেনিং দিচ্ছেন। এই প্রতিষ্ঠানে ৬ মাস করে বছরে দুটো কোর্স হয়। শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। শুধু চাষের পদ্ধতি নয়, এই চাষের জন্য যন্ত্রপাতির ব্যবহার ও বিপণন বিষয়েও জানানো হয়।

যোগাযোগ: ৯৫৬৪৫-৫০৮২২, ৯৭৩২৮-৭০৮২২।

# সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

*প্রথম পাতার পর*

আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬।

**নিয়োগ করা হবে এই সব বিভাগে:** ল্যাঙ্গুয়েজেস লিটারেচার অ্যান্ড কালচার, বেদ-বেদাঙ্গ অ্যান্ড ভেদিক সায়েন্সেস, শাস্ত্রিক নলেজ সিস্টেম, দর্শন, শিক্ষাশাস্ত্র অ্যান্ড কৌশল প্রশিক্ষণ, মাল্টিডিসিপ্লিনারি সায়েন্সেস অ্যান্ড টেকনোলজি, যোগিক সায়েন্স অ্যান্ড হোলিস্টিক হেল্‌থ প্র্যাক্টিসেস, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস), অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** অ্যাসোসিয়েট প্রফেসর: ২৩টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ৬৭টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। মোট শূন্যপদের মধ্যে ৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**বেতনক্রম:** অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-১৩এ এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস) ও অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান পদের ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://curec.samarth.ac.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

অনলাইন পদ্ধতিতে দরখাস্তের ফি বাবদ দিতে হবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫০০ টাকা) এবং অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ২,০০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ, ফি জমা দেওয়ার রিসিট ও অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট ২৪ জুলাইয়ের মধ্যে রেজিস্টার্ড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Registrar, Central Sanskrit University, 56-57, Institutional Area, Janakpuri, New Delhi-110058.

শিক্ষাগত যোগ্যতা-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.sanskrit.nic.in

**কী শিখবেন, কোথায় শিখবেন**

# নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে একাধিক বিষয়ে বৃত্তিমূলক কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ) একাধিক বিষয়ে বৃত্তিমূলক কোর্স পড়াবে। বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজ আয়োজিত এই কোর্সগুলি ডিপ্লোমা, অ্যাডভান্সড ডিপ্লোমা এবং অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স। এনএসওইউ-এর বিভিন্ন স্টাডি সেন্টারে বিষয়গুলি পড়ানো হবে অফলাইন ও অনলাইন— মিশ্র মাধ্যমে (ব্লেন্ডেড লার্নিং)। আগ্রহীরা এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন।

## কী-কী বিষয়

- ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন-মন্টেসরি। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। কোর্স ফি: ৮,০০০ টাকা।
- ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। কোর্স ফি: ১০,০০০ টাকা।
- অ্যাডভান্সড ডিপ্লোমা ইন হসপিটাল ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ৩০,০০০ টাকা।
- অ্যাডভান্সড ডিপ্লোমা ইন নিডল ওয়ার্ক অ্যান্ড নিটিং। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ১৫,০০০ টাকা।
- অ্যাডভান্সড ডিপ্লোমা ইন অ্যাপ্লায়েড যোগা অ্যান্ড নেচারোপ্যাথি। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ২০,০০০ টাকা।
- অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ। কোর্স ফি: ৯,০০০ টাকা।
- অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স ইন টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ২১,০০০ টাকা।
- ডিপ্লোমা ইন ভিস্যুয়াল আর্টস। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। কোর্স ফি: ৩৬,০০০ টাকা।
- অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ভিস্যুয়াল আর্টস। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ৭২,০০০ টাকা।

**আবেদনের শেষ দিন:** ৩০ জুন।

ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.wbnsou.ac.in/ আবেদনের ফি সহ যাবতীয় খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# কৃত্রিম মেধা বিষয়ে অনলাইন প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** কৃত্রিম মেধা এবং অ্যাপ্লায়েড এআই, ডিসিশন সায়েন্স এবং মেশিন লার্নিং নিয়ে পড়াশোনার সুযোগ করে দিচ্ছে দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি)। অনলাইন ক্লাস। অ্যাপ্লায়েড এআই, ডিসিশন সায়েন্স এবং মেশিন লার্নিংয়ের থিওরিটিক্যাল পড়াশোনার পাশাপাশি হাতে-কলমে প্রশিক্ষণ, চাকরির বাজারে কোন প্রযুক্তির কেমন চাহিদা, বাস্তবজীবনে প্রযুক্তির প্রয়োগ-কৌশল ইত্যাদি শেখানো হবে। এ ছাড়া কোডিং না জানলে, কীভাবে কৃত্রিম মেধা ব্যবহার করে কাজ করা যায়, তাও শেখানো হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিষয়ে স্নাতক। গণিতে দক্ষ, ইঞ্জিনিয়ারিং এবং বিজ্ঞান শাখার স্নাতকরা অগ্রাধিকার পাবেন। আইটি সংস্থায় কর্মরতরাও আবেদন করতে পারবেন। **ক্লাসের সময়:** ১৯ সেপ্টেম্বর থেকে ১৫ মে পর্যন্ত প্রতি শনিবার সকাল সাড়ে ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত অনলাইন ক্লাস হবে।

**আবেদনের শেষ দিন:** ১২ সেপ্টেম্বর।

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://home.iitd.ac.in/

স্নাতকে প্রাপ্ত নম্বর ও কাজের অভিজ্ঞতা যাচাই করে প্রার্থী বাছাই করা হবে। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ে নেট-সেটের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** দেশের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে চাকরি ও 'জুনিয়র রিসার্চ ফেলোশিপে'র জন্য জাতীয় এবং রাজ্য স্তরে যথাক্রমে নেট (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট) এবং সেট (স্টেট এলিজিবিলিটি টেস্ট) পরীক্ষায় বসতে হয়। প্রতি বছর নেট এবং সেট পরীক্ষায় অংশ নেন প্রচুর পরীক্ষার্থী। এই পরীক্ষায় উত্তীর্ণ হতে যথাযথ প্রস্তুতি ও প্রশিক্ষণ জরুরি।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর নেট/সেট কোচিং অ্যান্ড কেরিয়ার কাউন্সেলিং ৬ মাসের প্রশিক্ষণ দেবে। ২০২৬ শিক্ষাবর্ষের জুলাই-ডিসেম্বর সেশনের জন্য ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। অনলাইন এবং অফলাইন, উভয় মাধ্যমেই সপ্তাহান্তে (শনি ও রবিবার) নেওয়া হবে ক্লাস। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই। এই কোর্সে কল্যাণীর পাশাপাশি অন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবেন।

**কোর্সের নাম:** কোচিং প্রোগ্রাম ফর নেট-সেট এক্সামিনেশন।

**ক্লাস শুরু:** ৫ জুলাই।

**কী পড়ানো হবে:** দু'টি পরীক্ষার জন্যই প্রথম পত্র (জেনারেল পেপার) এবং দ্বিতীয় পত্রের (বিষয়ভিত্তিক পেপার) বিভিন্ন বিষয় পড়ানো হবে। বিষয়ভিত্তিক দ্বিতীয় পত্রের যে-বিষয়গুলি পড়ানো হবে, সেগুলি হল— বাংলা, ইংরেজি, বাণিজ্য, অর্থনীতি, ভূগোল, হিন্দি, কেমিক্যাল সায়েন্সেস, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, এডুকেশন, পরিবেশ বিজ্ঞান।

**যোগ্যতা:** যে-কোনও বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পাঠরত বা উত্তীর্ণ হতে হবে।

**আবেদনের শেষ দিন:** ৩০ জুন।

**আবেদন করার পদ্ধতি:** গুগল ফর্ম পূরণ করে আবেদন করতে হবে। ফর্মের লিঙ্ক পাবেন বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটে: www.klyuniv.ac.in পরীক্ষার ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ১,৫০০ টাকা)। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশিত হবে ২ ও ৩ জুলাই।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


CHANDIGARH UNIVERSITY
Discover. Learn. Empower.
QS UNIVERSITY RANKINGS ASIA 2026
INDIA'S NO. 1 PRIVATE UNIVERSITY

YOUR AMBITION DESERVES
A DREAM CAREER
India's No. 1 Private University
with Top Career Opportunities at the World's Leading Companies

"I always wanted to turn my passion for technology into a career. Chandigarh University made it possible, and
TODAY, I'M LIVING MY DREAM AT
Microsoft
SHANYA TREHAN
BE - CSE
Package
₹51 Lakh





PLACEMENT HIGHLIGHTS
1300+ Companies Visited for Recruitment
10000+ Placement Offers
₹1.7 CRORE Highest Package (International)
₹59.9 LAKH Highest Package (National)
₹1.3 LAKH Highest Stipend during Internship

TOP RECRUITERS
Google, Microsoft, amazon, intel, IBM, NOKIA, SanDisk, Walmart Labs, AMERICAN EXPRESS
& many more...

REGISTER FOR cucet COMMON ENTRANCE TEST
https://cucet.cuchd.in

Chandigarh University Common Entrance Test (CUCET) is a national-level, merit-based scholarship-cum-entrance exam that is mandatory for admission to Engineering, MBA, Pharmacy, MCA, MPT, M.N&D., M.Opto., M.MLS (CB/CM), B.Psy, LLM, and Integrated Law programs at Chandigarh University. CUCET, offering scholarships worth ₹200 crore, also presents a significant opportunity for students across all programs to secure up to a 100% scholarship for their higher education.

SCHOLARSHIPS WORTH ₹200 CRORE

CAMPUS: NH-05, Chandigarh-Ludhiana Highway, Gharuan, Mohali, Punjab
+91 99159-99224, 1800 1212 88800 | Website: www.cuchd.in
KOLKATA ADMISSION OFFICE HELPLINE - 98306 67988
ERGO Tower-A-1/4, Block EP & GP Block, Room No - 1602A, 16th Floor, Saltlake Sector 5



SAMATA CO-OPERATIVE DEVELOPMENT BANK LTD.
Daily Deposit Collecting Agent | Job Type: Contractual Vacancy: 10 (Ten)
JOB RESPONSIBILITIES:
Daily Deposit Collection (DainikSanchay Prakalpa).
Direct visit to customers, traders, shopkeepers, and other prospective
Depositors :
Achievement of business target
Qualification:
Minimum Higher Secondary (10+2) Pass.
Age Limit : 18 to 45 Years.
Place of Posting :
Kolkata, North 24 Parganas,(Hridaypur, Barasat, Madyagram,) South 24 Parganas, (Behala, Thakurpukur, Sonarpur& Baruipur)
HOW TO APPLY :
Interested candidates may send their Bio-data/CV along with a recent passport-size colour photograph to : career@samata.bank.in
Last Date for Submission of Application : 25.06.2026,
For detailed information, please visit the Bank's website https://samata.bank.in

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

২২ মে-২ জুন

**২২ মে** কিউবা আমেরিকার পক্ষে 'জাতীয় নিরাপত্তার আশঙ্কা' হয়ে উঠছে এবং শান্তিপূর্ণভাবে সমঝোতার সম্ভাবনা একেবারেই নেই বলে জানালেন আমেরিকার বিদেশসচিব মার্কো রুবিয়ো। তাঁর মন্তব্য প্রত্যাখ্যান করেছেন কিউবার বিদেশমন্ত্রী ব্রুনো রডরিগেজ। তাঁর অভিযোগ রুবিয়ো 'মিথ্যা' কথা বলছেন এবং আমেরিকার জন্য দ্বীপরাষ্ট্র কিউবা কোনওভাবেই ভয়ের কারণ নয়। উল্লেখ্য, আমেরিকার একটি বিমান ধ্বংস এবং চারজনকে খুন এবং খুনের ষড়যন্ত্র করার অভিযোগে কিউবার প্রাক্তন প্রেসিডেন্ট তথা ফিদেল কাস্ত্রোর ভাই রাউল কাস্ত্রোর বিরুদ্ধে চার্জ গঠন করেছে আমেরিকা।

**পশ্চিম এশিয়ার যুদ্ধের জেরে ভারতে** কাজের বাজারে চাপ বাড়ছে বলে পরিসংখ্যানে প্রকাশ পেল। ভারতে বিগত মাসগুলিতে বেকারত্ব এমনিতেই কিছুটা মাথা তুলেছে। ফেব্রুয়ারিতে তার ৪.৯% হার এপ্রিলে বেড়ে হয়েছে ৫.২%। ইরানের সঙ্গে আমেরিকা-ইজরায়েলের সংঘাত শুরু হওয়ার পর থেকেই বিশেষ করে আরব দেশগুলি থেকে দলে দলে পরিযায়ী শ্রমিক দেশে ফিরতে শুরু করেছেন। বিশেষজ্ঞদের দাবি, যে সংখ্যক শ্রমিক দেশে ফিরে এসে কাজ খুঁজছেন সেই পরিমাণে কর্মসংস্থান হচ্ছে না। ফলে কাজের অভাবে দেশে বেকারত্ব বাড়ছে। বিদেশ মন্ত্রকের বক্তব্য, ১.৯ কোটি ভারতীয় জীবিকার খোঁজে বিদেশে রয়েছেন। এঁদের মধ্যে ৯০ লক্ষই আরব দেশগুলিতে কাজ করেন। ফলে আরও কর্মীর যুদ্ধ আক্রান্ত অঞ্চল থেকে ফিরে আসার আশঙ্কা রয়েছে।

## 'আরশোলা' নিয়ে উদ্বেগ প্রকাশ গোয়েন্দাদের




২২ মে: জাতীয় নিরাপত্তার কারণ দেখিয়ে 'ককরোচ জনতা পার্টি (সিজেপি)' নামের ব্যাঙ্গাত্মক অনলাইন মঞ্চের মূল এক্স হ্যান্ডলটি বন্ধ করল কেন্দ্র। সম্প্রতি প্রধান বিচারপতি সূর্যকান্ত-র বেকার তরুণ-তরুণীদের একাংশের প্রতি আরশোলা উপমা প্রয়োগ করার পরই নেটদুনিয়ায় আবির্ভাব সিজেপি-র। তার প্রতিষ্ঠাতা মার্কিন প্রবাসী ভারতীয় তরুণ অভিজিৎ দীপকে। কেন্দ্রের গোয়েন্দাদের আশঙ্কা, ইন্টারনেটের এই ক্ষোভ যে-কোনও সময়ে দেশে বড় ছাত্র আন্দোলনের রূপ নিতে পারে। তবে ভারতে মূল পেজটি বন্ধ হলেও অনতিবিলম্বেই 'ককরোচ ইজ ব্যাক' নামে বিকল্প একটি অ্যাকাউন্ট খোলা হয়েছে।

COCKROACH
= JANTA PARTY =

"আরশোলারা শান্তিপূর্ণভাবেই তাদের ক্ষমতা দেখিয়েছে। আমাদের দাবি ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা। তিনি শিক্ষাব্যবস্থাকে ধ্বংস করেছেন। যাঁরা আমাদের ভবিষ্যৎকে ধ্বংস করেছেন তাঁদের দায়বদ্ধতা নিশ্চিত করতে হবে। তা না হলে যা ঘটবে গতকাল (যন্তর মন্তর সমাবেশ, ৭ জুন) কেবল তার ট্রেলার দেখা গিয়েছে।"

ককরোচ জনতা পার্টি (সিজেপি)

নয়াদিল্লির যন্তর মন্তরে সমাবেশ সফল এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ইস্তফা না দেওয়া পর্যন্ত আন্দোলন চলবে বলে দলীয় বিবৃতিতে জানিয়ে

**২৩ মে** ইজরায়েলের কট্টরপন্থী জাতীয় নিরাপত্তা মন্ত্রী ইতামার বেন-গভিরকে নিষিদ্ধ ঘোষণা করল ফ্রান্স। এই ইজরায়েলি মন্ত্রী গ্লোবাল ফ্লোটিলার অপহৃত কর্মীদের বিদ্রুপ করে ব্যাপক সমালোচনার মুখে পড়েন। তাঁর সেই বিদ্রুপের ভিডিয়ো সমাজ মাধ্যমে ছড়িয়ে পড়ার পরে ইউরোপের বেশ কয়েকটি দেশ প্রতিবাদ জানিয়ে ইজরায়েলি রাষ্ট্রদূতদের তলব করে। এই ভিডিয়োর জেরে ফ্রান্স একধাপ এগিয়ে গভিরের ফ্রান্সে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করল।

**আমেরিকার জাতীয় গোয়েন্দা সংস্থা** (ওডিএনআই)-র প্রধানের পদ থেকে ইস্তফা দিলেন তুলসী গ্যাবার্ড। ৩০ জুন পর্যন্ত তিনি ট্রাম্প প্রশাসনের গোয়েন্দা প্রধানের দায়িত্বে থাকবেন বলে জানা গিয়েছে। তাঁর স্বামী আব্রাহামের অসুস্থতার জন্যই এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন তুলসী। তাঁর পদত্যাগের বিষয়টি নিশ্চিত করেছেন ট্রাম্প। তিনি জানান ভারপ্রাপ্ত ডিরেক্টর হিসেবে দায়িত্ব সামলাবেন অ্যারন লুকাস। বর্তমানে গোয়েন্দা সংস্থাটির ডেপুটি ডিরেক্টর তিনি।

**আম আদমি পার্টি (আপ) ছেড়ে** বিজেপিতে যোগ দেওয়া রাঘব চাড্ডাকে রাজ্যসভার গুরুত্বপূর্ণ পিটিশন (আবেদন সংক্রান্ত) কমিটির চেয়ারম্যান করা হল। আপ ছেড়ে বিজেপিতে যাওয়ার একমাসের মধ্যেই পদ প্রাপ্তি হল তাঁর। রাজ্যসভার পিটিশন কমিটিতে নাগরিকদের পাঠানো অভিযোগ ও আবেদন পরীক্ষা ও পর্যালোচনা করে কেন্দ্রের কাছে প্রয়োজনীয় প্রতিবিধানের সুপারিশ করা এই কমিটির কাজ। এদিন রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণন এই প্যানেলে ১০ সাংসদকে মনোনীত করেছেন।

**নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী জুলাই** মাস থেকেই স্বাস্থ্যবিমা প্রকল্প চালু করার কথা ঘোষণা করল রাজ্য সরকার। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নড্ডার সঙ্গে আলোচনার পরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, এই প্রকল্পে ৯৭৬ কোটি টাকার অনুমোদন দিয়েছে কেন্দ্র। একইসঙ্গে জাতীয় স্বাস্থ্য মিশন (এনএইচএম) প্রকল্পে কেন্দ্রের কাছ থেকে প্রায় ২,১০৩ কোটি টাকারও অনুমোদন পেয়েছে রাজ্য। চারটি মেডিক্যাল কলেজ, একটি এমস-সহ রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো খাতেও বিপুল বরাদ্দের আশ্বাস দিয়েছে কেন্দ্র।

## প্রয়াত অনীক দত্ত




২৭ মে: চলে গেলেন বাংলা ছবি ও বিজ্ঞাপনের জগতের বিশিষ্ট পরিচালক অনীক দত্ত (৬৬)। নিজের বাড়ির ছাদ থেকে ঝাঁপ দিয়ে তিনি আত্মঘাতী হয়েছেন বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে। বিজ্ঞাপনের জগতে দীর্ঘদিন কাজ করার পর 'ভূতের ভবিষ্যৎ' ছবি দিয়ে তাঁর চলচ্চিত্র যাত্রা শুরু হয়। অভাবনীয় সাফল্যের সঙ্গে সঙ্গে বাংলা চিরকালীন ছবির তালিকায় স্থান পেয়ে যায় 'ভূতের ভবিষ্যৎ'। এরপর 'আশ্চর্য প্রদীপ', 'মেঘনাদবধ রহস্য', বরুণবাবুর বন্ধু'-র মতো ছবি করেন তিনি। 'অপরাজিত' ছবিতে তিনি তুলে ধরেছেন সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী'র নির্মাণ আলেখ্য। সম্প্রতি, এই ছবির দ্বিতীয়ভাগ নিয়ে ভাবনাচিন্তা শুরু করেছিলেন অনীক, যা অসমাপ্তই রয়ে গেল।

**২৪ মে** আমেরিকায় হোয়াইট হাউসের বাইরে সিক্রেট সার্ভিসের সঙ্গে গুলির লড়াইয়ে নাসির বেস্ট নামে এক বন্দুকবাজের মৃত্যু হল। হোয়াইট হাউসের কাছাকাছি পৌঁছে এলোপাথাড়ি গুলি চালাতে শুরু করে ২১ বছর বয়সি নাসির। নিরাপত্তা বাহিনীর পাল্টা গুলিতে বন্দুকবাজের মৃত্যু হয়েছে। এফবিআই প্রধান কাশ পটেল জানিয়েছেন, তাঁরা ঘটনার তদন্ত শুরু করেছেন। প্রসঙ্গত, এক মাস আগেই রাজধানীর এক হোটেলে হোয়াইট হাউসের সাংবাদিকদের সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নৈশভোজেও এক ব্যক্তি গুলি চালাতে শুরু করে। তাকে অবশ্য গ্রেফতার করে নিরাপত্তা বাহিনী।

**পশ্চিমবঙ্গে নতুন সরকার গঠিত** হওয়ার পরে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশিকা অনুযায়ী আটক বিদেশি নাগরিক এবং মুক্তিপ্রাপ্ত বিদেশি বন্দিদের জন্য 'হোল্ডিং সেন্টার' বা আটক শিবির তৈরি করতে জেলা প্রশাসন এবং পুলিশ স্তরে নির্দেশ দিল রাজ্যের স্বরাষ্ট্র ও পার্বত্য এলাকা বিষয়ক দফতর। তবে রাজ্যের এই নির্দেশিকাকে সামনে রেখে বিজেপি এবং বিরোধী দলগুলির মধ্যে বিতর্কও বেধেছে। কারণ, অনুপ্রবেশকারী বা রোহিঙ্গা হিসেবে চিহ্নিত হয়েছেন কারা, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) পর্বে বারবার প্রশ্ন করেও তার উত্তর মেলেনি।

## ভারত সফরে মার্কিন বিদেশ সচিব, আশ্বাস বাণিজ্যে




২৪ মে: ভারত সফরে এসে নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করলেন মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিয়ো। বৈঠকের পর রুবিয়ো আশ্বাস দেন ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের ভরবেগ আদৌ কমেনি। শীঘ্রই ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তিও সাফল্য পাবে। অন্যদিকে, মার্কিন বিদেশ সচিবকে পাশে নিয়েই বিদেশমন্ত্রী জয়শঙ্কর আমেরিকার তেল সংক্রান্ত নিষেধাজ্ঞা নিয়ে পরোক্ষে সরব হয়েছেন। তিনি জানান, নিজেদের দেশের জ্বালানি নিরাপত্তা অটুট রাখতে বিভিন্ন আন্তর্জাতিক উৎস থেকে তেল কিনবে ভারত। কেন্দ্র মুখে জাতীয় স্বার্থের কথা বললেও, কংগ্রেসের প্রধান মুখপাত্র জয়রাম রমেশের বক্তব্য, প্রধানমন্ত্রী আপস করেছেন তাঁর 'ভালো বন্ধু' ট্রাম্পকে খুশি করতে। তাঁর আরও অভিযোগ, ভারত-আমেরিকা সম্ভাব্য বাণিজ্য চুক্তিতে যেগুলি ভারতের জন্য বিপজ্জনক এবং ভারতবাসীর স্বার্থবিরোধী, তাকে ছুড়ে ফেলার সাহস দেখাচ্ছে না মোদী সরকার, যা মালয়শিয়া দেখাতে পেরেছে।

তৃণমূলের পরাজয়ের 'নৈতিক দায়' নিয়ে বারাসাত সাংগঠনিক জেলার সভাপতির পদ থেকে সরে দাঁড়ালেন সাংসদ কাকলি ঘোষদস্তিদার। তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সির কাছে নিজের পদত্যাগ পত্র পাঠিয়েছেন তিনি। প্রসঙ্গত, বিধানসভা ভোটে পরাজয়ের পরেই দলীয় সাংসদদের নিয়ে বৈঠকে কাকলিকে সরিয়ে কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে তৃণমূলের সংসদীয় দলের সচেতক করেন মমতা।

**ফলতায় বিজেপি প্রার্থী দেবাংশু** পণ্ডা ১ লক্ষ ৯ হাজার ২১ ভোটে জয়ী হলেন। এবারের বিধানসভা ভোটে জয়ের ব্যবধানের নিরিখে যা রেকর্ড। ফলতার জয়ে রাজ্যে বিজেপির আসন হল ২০৮। ভোট বাড়িয়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছে সিপিএম। তাদের প্রার্থী শম্ভুনাথ কুর্মি পেয়েছেন ৪০,৬৪৫ ভোট। তৃণমূলের জাহাঙ্গির খানের জামানত বাজেয়াপ্ত হয়েছে। তিনি পেয়েছেন মাত্র ৭,৭৮৩ ভোট।


**২৫ মে** সার্বিয়া ও বলিভিয়ায় তুঙ্গে উঠল সরকার বিরোধী বিক্ষোভ। দু-দেশেই প্রধান অভিযোগ, দুর্নীতি এবং সরকার পরিচালনায় অদক্ষতা। সার্বিয়ার রাজধানী বেলগ্রেডে সেদেশের প্রেসিডেন্ট আলেকজান্ডার ভুসিচের অপসারণের দাবিতে প্রতিদিনই ভিড় বাড়ছে বিক্ষোভকারীদের। অন্যদিকে, দক্ষিণ আমেরিকার বলিভিয়ায় দক্ষিণপন্থী প্রেসিডেন্ট রডরিগো পাজের বিরুদ্ধেও ছড়াচ্ছে বিক্ষোভ। মাত্র ছ'মাস আগে ক্ষমতায় এসেছেন পাজ। বলা হচ্ছে '৮০-র দশকের পরে এখন সবচেয়ে বিপদের মধ্যে দিয়ে চলছে সেদেশের অর্থনীতি।

## ফের জাফর এক্সপ্রেসে হানা, পাকিস্তানে মৃত ২৪



২৪ মে: বালোচ জঙ্গিরা পাকিস্তানে ফের বড় আঘাত হানল। বালুচিস্তানের কোয়েটায় জাফর এক্সপ্রেসে ঘটানো বিস্ফোরণে নিহত হলেন অন্তত ২৪ জন। ঘটনার দায় স্বীকার করছে বালোচ লিবারেশন আর্মি (বিএলএ)। তাদের দাবি ওই ট্রেনে থাকা পাক সেনাদের লক্ষ্য করেই এই হামলা চালানো হয়েছে। পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এই হামলাকে 'কাপুরুষোচিত' বলে আখ্যা দিয়েছেন। বালোচ বিদ্রোহীরা এর আগেও জাফর এক্সপ্রেসকে নিশানা করেছিল। গত বছরের মার্চ মাসে ট্রেনটি ছিনতাই করে তারা। পণবন্দি করা হয় ৪৪০ জনকে। ইরান ও আফগানিস্তানের সীমান্তবর্তী বালুচিস্তানে দীর্ঘদিন ধরেই পাকিস্তানের বিরুদ্ধে লড়ছে বালোচ জঙ্গিরা। নিরাপত্তাবাহিনী, পরিকাঠামো ও চিন-পাকিস্তান আর্থিক করিডরের মতো প্রকল্পকে নিশানা করেছে তারা।

## কোয়াড বিবৃতিতে পহেলগাম, জোর বিরল খনিজের সমন্বয়ে



২৬ মে: নয়াদিল্লিতে কোয়াডভুক্ত রাষ্ট্রগুলির বিদেশমন্ত্রীদের বৈঠক শেষে যৌথ বিবৃতিতে পহেলগামের প্রসঙ্গ উঠে এল। যৌথ বিবৃতিতে বলা হয়েছে, 'আমরা দ্ব্যর্থহীন ভাষায় সমস্ত ধরনের এবং শাখার সন্ত্রাসবাদের ঘোর নিন্দা করছি। তার মধ্যে রয়েছে আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদ।' পাশাপাশি চতুর্দেশীয় অক্ষ কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রীরাও বৈঠকে বসে বিরল খনিজ উদ্যোগে সহযোগিতার ফ্রেমওয়ার্ক ঘোষণা করেছেন। তাতে দু'হাজার কোটি ডলার বিনিয়োগ করার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। চিন যেভাবে বিরল খনিজের রফতানি নিয়ন্ত্রণ করছে, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন আমেরিকা, ভারত, জাপান এবং অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রীরাও। কোয়াড বৈঠকের ফাঁকে বিরল খনিজ সংক্রান্ত একটি চুক্তিতে সই করেছে ভারত ও আমেরিকা। মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিয়োকে পাশে নিয়ে এই চুক্তিকে গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী বলে ব্যাখ্যা করেছেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর।

এরপর-ছয়ের পাতায়

## কী শিখবেন, কোথায় শিখবেন

### তরুণদের জন্য কয়েকটি জীবিকামুখী প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বেকার তরুণদের স্বনির্ভর করার লক্ষ্যে হাওড়ার বেলুড় মঠের রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির ৩টি কোর্সে প্রশিক্ষণ দেবে। আসনসংখ্যা সীমিত। ভর্তি নেওয়া হবে 'আগে এলে আগে ভর্তি' পদ্ধতিতে। কোর্স শেষে প্রার্থীদের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের (এনএসডিসি) সার্টিফিকেট দেওয়া হবে। কেবল ছেলেরা আবেদন করবেন।

১) **ইলেক্ট্রিক্যাল ও হোম অ্যাপ্লায়েন্স:** এই কোর্সে ভর্তির জন্য অন্তত মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। কোর্সের মেয়াদ ১ বছর। সপ্তাহে ৩ দিন (বুধ, বৃহস্পতি ও শুক্রবার) ক্লাস হবে। ক্লাসের সময় দুপুর ১টা থেকে বিকেল ৪টে। কোর্সের খরচ ৬,০০০ টাকা।

২) **মোবাইল ফোন রিপেয়ারিং ও মেইন্টেন্যান্স।**

৩) **টু অ্যান্ড থ্রি হুইলার (এম-টেকনিশিয়ান) (বাইক রিপেয়ারিং)।**

উপরোক্ত কোর্স দু'টিতে ভর্তির জন্য অন্তত অষ্টম শ্রেণি পাশ হতে হবে। কোর্সের মেয়াদ ৬ মাস। সপ্তাহে ৩ দিন (বুধ, শুক্র ও রবিবার) ক্লাস হবে। ক্লাসের সময় সকাল ১০টা থেকে দুপুর ১ টা ৩০। কোর্সের খরচ ৪,৫০০ টাকা।

**আবেদন করার পদ্ধতি:** রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দিরের অফিস থেকে সরাসরি ফর্ম নিয়ে ও পূরণ করে প্রয়োজনীয় নথিপত্রের নকল-সহ জমা দিতে হবে। বিশদ জানতে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪-৮৭৬৬৩।

### ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টারে স্বাস্থ্য পরিষেবা-সম্পর্কিত কোর্স

রেডিয়োলজি টেকনিশিয়ান, ফিজিয়োথেরাপি টেকনিশিয়ান, ডেন্টাল ল্যাব টেকনিশিয়ান ও হেলথ স্যানিটারি ইনস্পেক্টর বিষয়ে প্রশিক্ষণ দেবে দিল্লির ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টার। এটি কেন্দ্রের স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড অন্ত্রেপ্রেনরশিপ মন্ত্রক এবং এনসিভিটি কর্তৃক অনুমোদিত একটি সংস্থা।

**কোর্সের বিবরণ: রেডিয়োলজি টেকনিশিয়ান:** আসনসংখ্যা: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ ২ বছর।

**ফিজিয়োথেরাপি টেকনিশিয়ান:** আসনসংখ্যা: ৪০টি। কোর্সের মেয়াদ: ১ বছর। **ডেন্টাল ল্যাব টেকনিশিয়ান:** আসনসংখ্যা: ৪৮টি। কোর্সের মেয়াদ: ২ বছর। **হেলথ স্যানিটারি ইনস্পেক্টর:** আসনসংখ্যা: ১৪৪টি। কোর্সের মেয়াদ: ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: উপরোক্ত তিনটি কোর্সের ক্ষেত্রে মাধ্যমিক পাশ।

**বয়স:** সবক'টি কোর্সের ক্ষেত্রে ১-৮-২০২৬ তারিখে অন্তত ১৪ বছরের বেশি হতে হবে।

মহিলা প্রার্থীরা কোর্সের প্রথম বর্ষে মোট কোর্স ফিয়ে ১০ শতাংশ ছাড় পাবেন।

আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া চলছে।

অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই আবেদন করা যাবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitcindia.com অফলাইনের ক্ষেত্রে আবেদনপত্র সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: National Industrial Training Centre, 30-34, Sewak Park, Near Dwarka Mor Metro Station, Main Najafgarh Road, Opposite Pillar No. 771, New Delhi-110059. আবেদনের শেষ তারিখ ৩০ জুন।

রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। হোয়াটস্যাপ হেল্পলাইন ৯৩১৫১৩৮৮১৫। ফোন নম্বর ০১১-৪২৮২৮০৬৭ (সোম থেকে শুক্র সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে)।

## জলে-জমিতে কর্মক্ষেত্র

# একাঙ্গী চাষের বাণিজ্যিক সম্ভাবনা



একাঙ্গী আসলে সুগন্ধী আদা। ইদানীং এর কন্দ রান্না থেকে শুরু করে আয়ুর্বেদিক ওষুধ এবং প্রসাধনী তৈরিতেও ব্যবহার করা হচ্ছে। পশ্চিমবঙ্গের পড়ে থাকা অনাবাদি জমিতে খুব সহজেই এই ফসলটির চাষ হতে পারে এবং একাঙ্গী হয়ে উঠতে পারে বিকল্প আয়ের উৎস। দেশ-বিদেশের বাজারে এই উদ্ভিদটির চাহিদা দিন দিন বাড়ছে। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা **সৌমেন্দ্রনাথ দাস।**

পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান অর্থকরী সুগন্ধী ভেষজ উদ্ভিদ একাঙ্গী। পড়ে থাকা অনাবাদি ফাঁকা জমিতে খুব সহজেই এর চাষ করা যেতে পারে। এটি অত্যন্ত লাভজনক ফসল। আয়ুর্বেদিক ওষুধ প্রস্তুতিতে এবং প্রসাধন শিল্পে এই ফসলটির ব্যাপক চাহিদা রয়েছে।

লাভজনক এবং সম্ভাবনাময় এই সুগন্ধী ভেষজ উদ্ভিদ পশ্চিমবঙ্গের চাষিদের কাছে আয় বাড়ানোর জন্য বিকল্প ফসল হয়ে উঠতে পারে। পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদিয়া, দক্ষিণ দিনাজপুর, বীরভূম, জলপাইগুড়ি, দার্জিলিং এবং হুগলি জেলায় বর্তমানে একাঙ্গীর চাষ হচ্ছে। একাঙ্গী কন্দের চাহিদাও দ্রুত হারে বাড়ছে। কাঁচা কন্দের বর্তমান বাজারমূল্য কুইন্ট্যাল পিছু ৬,০০০-৮,০০০ টাকা। এক বিঘা জমিতে একাঙ্গীর চাষ করে একজন কৃষক ৬,০০০ থেকে ৭,০০০ টাকা আয় করতে পারেন। এ ছাড়াও বিদেশের বাজারে একাঙ্গীর যথেষ্ট চাহিদা রয়েছে।

### উদ্ভিদের পরিচয়

একাঙ্গীর ইংরেজি নাম অ্যারোম্যাটিক জিঞ্জার। অর্থাৎ সুগন্ধী আদা। বিজ্ঞান-সম্মত নাম কেমফেরিয়া গলংগ। এটি ছোট মাপের কাণ্ডহীন বর্ষজীবী কন্দজ উদ্ভিদ। এর মাটির নীচে সুগন্ধযুক্ত গ্রন্থিকাণ্ড বা রাইজোম উৎপন্ন হয়। পাতাগুলি গোলাকার ও স্থূল এবং কিনারা ঢেউখেলানো। গাছটির আদি নিবাস ভারত।

### ব্যবহার

নরম সুগন্ধী গ্রন্থিকাণ্ডটি কাঁচা খাওয়ার রেওয়াজ রয়েছে। এছাড়াও একে শুকিয়ে গুঁড়ো করে হলুদের মতো রান্নায় মশলা হিসেবেও ব্যবহার করা হয়। নানা রকমের সস এবং পানীয় তৈরি করতেও এর সুগন্ধকে কাজে লাগানো হয়। এছাড়াও একাঙ্গীর বহু ভেষজ গুণ রয়েছে। বাণিজ্যিক ভাবে প্রসাধন তৈরিতে ব্যবহৃত উদ্বায়ী সুগন্ধ তেল, আয়ুর্বেদিক ঔষধ তৈরির কাজে একাঙ্গী বাণিজ্যিক ভাবে ব্যবহার করা হচ্ছে।

### পুষ্টিগুণ

একাঙ্গীর খাদ্যোপযোগী কন্দের শক্তিমূল্য কম হলেও এর মধ্যে প্রচুর পরিমাণে কার্বোহাইড্রেট, ফাইবার বা আঁশ এবং মূল্যবান বিবিধ খনিজ মৌল মজুত রয়েছে। ১০০ গ্রাম খাদ্যোপযোগী কন্দের মধ্যে আছে ৮০ কিলোক্যালরি শক্তি, ১৫-১৮ গ্রাম কার্বোহাইড্রেট, ২ গ্রাম আঁশ ও ২ গ্রাম প্রোটিন। এ ছাড়াও এতে মজুত রয়েছে পটাশিয়াম, ক্যালশিয়াম, ফসফরাস ও লোহার মতো খনিজ মৌল এবং ভিটামিন-সি। একাঙ্গীর মধ্যে এ ছাড়াও আছে অতিশয় গুরুত্বপূর্ণ অ্যান্টিঅক্সিড্যান্ট সমূহ।

### জলবায়ু ও মাটি

একাঙ্গী ছায়াযুক্ত পরিবেশে ভালো ভাবে জন্মাতে পারে। এই উদ্ভিদটি উষ্ণ ও আর্দ্র জলবায়ু পছন্দ করে। সমুদ্রতল থেকে ১,৫০০ মিটার উচ্চতা বিশিষ্ট জায়গা এ গাছের বেড়ে ওঠার জন্য উপযুক্ত। বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ হতে হবে ১,৫০০-২,৫০০ মিলিমিটার। উর্বর বেলে-দোয়াঁশ বা দোয়াঁশ মাটি এর জন্য উপযুক্ত। জমিকে হতে হবে সুনিকাশিযুক্ত। মাটির পিএইচের মান হতে হবে ৫.৫ থেকে ৬.৫। গাছের গোড়ায় জল জমে থাকলে চলবে না।

### জমি তৈরি

একাঙ্গী চাষের জন্য ২-৩টি গভীর চাষ দিতে হবে। সকল প্রকার আগাছা তুলে ফেলে, জমির উপরিভাগ সমতল করে নিয়ে বেড বা কেয়ারি তৈরি করে একাঙ্গী চাষ করতে হবে। ১ মিটার চওড়া এবং ১৫ সেমি উঁচু বেড তৈরি করে নেওয়ার সময় ৩০ সেমি থেকে ৪৫ সেমি চওড়া নিকাশি নালার ব্যবস্থা রাখতে হবে। জমির মাটির সঙ্গে বিঘা প্রতি দানাদার কীটনাশক ফুরাডন ৩জি ২ কেজি হিসেবে মেশাতে হবে।

### কন্দ বপন

একাঙ্গী চাষের জন্য এর অঙ্কুরিত কন্দগুলি বীজ হিসেবে ব্যবহার করতে হবে। বপনের পূর্বে অবশ্যই কন্দগুলি ছত্রাকনাশকের সাহায্যে শোধন করে নিতে ভুলবেন না। মূলত ১৫-২০ গ্রাম. ওজনের সুস্থ ও রোগমুক্ত কন্দই ব্যবহার করতে হবে, যার মধ্যে ১টি থেকে ২টি অক্ষত চোখ থাকবে। বেড বা কেয়ারিতে ১৫-২০ সেমি দূরত্ব রেখে কন্দের টুকরোগুলি সারিতে বসাতে হবে, ঠিক ৫ সেমি গভীরতায়। সারির মধ্যে দূরত্ব হতে হবে ৩০ সেমি। বিঘা প্রতি ২০০ কেজি কন্দ লাগবে। বীজ বপনের উপযুক্ত সময় হল বর্ষার শুরু।

### সার প্রয়োগ

শেষ চাষ দেওয়ার সময় মূল সার হিসেবে বিঘাপ্রতি ১৫ থেকে ২০ কুইন্ট্যাল পচানো গোবর অথবা কম্পোস্ট সার মাটির সঙ্গে মিশিয়ে দিতে হবে। বিঘা প্রতি জমির জন্য লাগবে ৭-৮ কেজি নাইট্রোজেন, ফসফরাস এবং পটাশ খাদ্যোপাদান। রাসায়নিক সারটি সমান ভাবে দু'দফায় প্রয়োগ করতে হবে— প্রথম বার বীজ বপনের ৪৫ দিন পরে আগাছা পরিষ্কারের পর এবং দ্বিতীয় বার ৯০ দিন পর আগাছা পরিষ্কার করে এবং গোড়ায় মাটি ধরানোর পূর্বে।

### সেচ প্রয়োগ

জমির আর্দ্রতা বুঝে ১৫-২০ দিন অন্তর ৫-৬টি সেচ দিতে হবে। জলনিকাশের উপযুক্ত ব্যবস্থা রাখতে হবে। জমিতে জল জমে গেলেই কন্দ পচে যাবে।

### অন্তবর্তী পরিচর্যা

ভালো ফলন পেতে হলে ঠিক সময় আগাছা জমি থেকে তুলে ফেলতে হবে। প্রথম বার বীজ বপনের ৪৫ দিন পরে এবং দ্বিতীয় বার বীজ বপনের ৯০ দিন পর। বেডের উপরিভাগের মাটি শুকনো পাতা, আগাছা অথবা খড় দিয়ে ঢেকে দিতে হবে। এর ফলে আগাছার উপদ্রব কমবে, মাটিতে জল দীর্ঘ সময় পর্যন্ত ধরা থাকবে এবং মাটির স্বাস্থ্য উন্নত হবে। নির্দিষ্ট সময়ে গাছের গোড়ায় মাটি ধরিয়ে দিতে হবে। এর ফলে কন্দের ফলন বাড়বে এবং গুণমানও উন্নত হবে।

### জাত

যদিও পশ্চিমবঙ্গে স্থানীয় জাতের একাঙ্গী চাষের প্রচলন বেশি, তবু উচ্চফলনশীল জাতের বীজ সংগ্রহ করে চাষ করলে কন্দের ফলন যেমন বেশি হবে, তেমনই কন্দের স্বাদ ও সুগন্ধও বহুলাংশে বাড়বে। এই রাজ্যে চাষের উপযোগী এমন দু'টি জাত হল 'রজনী' ও 'কস্তুরী'।

### ফসল তোলা

বীজ বপনের ৬-৮ মাস পর, যখন গাছের পাতাগুলি হলুদ রং ধারণ করে শুকিয়ে যেতে শুরু করবে, তখন বুঝতে হবে, জমি থেকে কন্দ তোলার উপযুক্ত সময় উপস্থিত। হস্তচালিত কোদাল বা লাঙলের সাহায্যে মাটি খুঁড়ে কন্দ তোলা হয়। তোলার সময় কন্দগুলিতে আঘাতের ফলে যাতে ক্ষত না হয়ে যায়, তার জন্য সতর্ক থাকতে হবে। কন্দ তোলার পর, কন্দের গায়ে লেগে থাকা মাটি পরিষ্কার করে, পাকা মেঝের উপর ছড়িয়ে দিয়ে ৩-৪ দিন রেখে শুকিয়ে নিতে হবে। এরপর কন্দের মাপ অনুসারে আলাদা করে নিয়ে সংরক্ষণ করতে হবে।

### ফলন ও শস্য সুরক্ষা


পশ্চিমবঙ্গে একাঙ্গী চাষে বিঘা প্রতি গড় ফলন ৫০০ থেকে ৬২৫ কেজি। একাঙ্গী চাষে রোগের আক্রমণ এক বড় সমস্যা। তবে পোকার আক্রমণ জনিত সমস্যা এ রাজ্যে তেমন দেখা যায় না। রোগের মধ্যে কন্দপচা এবং পাতায় দাগ, মারাত্মক ক্ষতিকারক সমস্যা। কন্দপচা মূলত মাটিবাহিত ছত্রাকের আক্রমণের জন্য ঘটে। আক্রান্ত গাছের পাতাগুলি হঠাৎ হলদে হয়ে শুকিয়ে মারা যায়। মাটির নীচে থাকা কন্দগুলি পচে দুর্গন্ধ বের হতে থাকে। জলবসা মাটিতে এই রোগের প্রাদুর্ভাব বেশি দেখা যায়। এই রোগের হাত থেকে ফসলকে বাঁচাতে হলে বীজ শোধন করতে হবে। জমির মাটি থেকে দ্রুত জলনিকাশের ব্যবস্থা করতে হবে এবং ব্রাসিকল গুঁড়োর মাধ্যমে মাটি শোধন করতে হবে। এ ছাড়াও ব্লাইটক্সের জলীয় দ্রবণ (প্রতি লিটার ৪ গ্রাম হিসেবে) গাছের পাতায় স্প্রে করতে হবে।

পাতায় দাগও এ গাছের একটি মারাত্মক রোগ। এ রোগে গাছের পাতায় বাদামি রঙের দাগ ফুটে ওঠে। এই দাগগুলি জুড়ে গিয়ে পাতাকে ঢেকে দিলে পাতা শুকিয়ে মারা যায়। উষ্ণ, আর্দ্র এবং ভ্যাপসা আবহাওয়ায় এ রোগ বেশি হয়। গাছের বৃদ্ধি ব্যাহত হয়। এই রোগের আক্রমণ ঠেকাতে হলে ব্যাভিসটিন, প্রতি লিটারে ১ গ্রাম অথবা ডাইথেন এম-৪৫ প্রতি লিটার জলে ২.৫ গ্রাম হিসেবে মিশিয়ে আক্রান্ত গাছে ৭-১০ দিন অন্তর দু'বার স্প্রে করতে হবে।

# ছাগল ও ভেড়া পালনে সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** আমাদের রাজ্যে দেশীয় কালো ছাগল আর দেশি ভেড়ার বাচ্চা উৎপাদনের হার বেশি, রোগ-ব্যাধি কম, কঠিন পরিস্থিতিতেও তারা বেঁচে থাকতে পারে। তাই বাংলার কালো ছাগল ও ভেড়ার যথেষ্ট চাহিদা আছে। যদি পর্যাপ্ত চরে বেড়ানোর জায়গা থাকে তাহলে আলাদা করে খাবারের প্রয়োজনও পড়ে না। ছাগল-ভেড়া প্রতিপালন করে আর্থিক উন্নতি করতে চাইলে, প্রশিক্ষণ নেওয়া জরুরি। বিশেষ করে প্রাণীদের অসুখ কীভাবে মোকাবিলা করা যায় বা খামার তৈরির খুঁটিনাটি জানা প্রয়োজন। ছাগল ও ভেড়া প্রতিপালনের প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগ।

জুলাই মাসে পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড় জাগুলির অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে ৫ দিনের ছাগল ও ভেড়া প্রতিপালনের প্রশিক্ষণ দেওয়া হবে। এই আবাসিক প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারেন এখনই।



### সরকারি প্রশিক্ষণ

**কোর্সের নাম:** ছাগল ও ভেড়া প্রতিপালনের মাধ্যমে উদ্যোগপতিত্ব।

**কী শেখানো হবে:** বিভিন্ন প্রজাতির ছাগল ও ভেড়ার পরিচয়, দেহের গঠন, শারীরবিদ্যা, খাদ্য ও পুষ্টি, প্রজননের সময় নির্বাচন, কৃত্রিম প্রজনন, বাচ্চার যত্ন, প্রাথমিক চিকিৎসা ও চিরাচরিত উপায়ে চিকিৎসা। এছাড়া খামার ব্যবস্থাপনা, খামার অর্থনীতি, খামার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কেও জানানো হবে। সরকারি বিভিন্ন প্রকল্প, মাংস ও অন্যান্য উৎপাদনের বাণিজ্য ও তার ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা দেওয়া হবে।

**প্রশিক্ষণের তারিখ:** ৬ জুলাই থেকে ১০ জুলাই।

**যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ। পশ্চিমবঙ্গের বসবাসকারী হতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ বছর থেকে ৬০ বছরের মধ্যে।

**আসনসংখ্যা:** ৬০।

**কোর্স ফি:** ৪,৫৩১ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফিয়ের অন্তর্গত।

**আবেদনের শেষ তারিখ:** ২৯ জুন।

**কীভাবে আবেদন করবেন:** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটে গিয়ে AARM পেজে 'Farm Entrepreneurship Certificate Course on Entrepreneurship through raising Goats & Sheep' ফর্মটি পূরণ করতে হবে। নির্বাচিত প্রার্থীকে এসএমএস অথবা ই-মেলের মাধ্যমে জানানো হবে। নির্বাচিত প্রার্থীদের ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ৩০ জুন। বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২৩৭১২। ই-মেল: aarmtraining@gmail.com

# কারেন্ট অ্যাফেয়ার্স ②

**২৭ মে** এস আই আর-এর সাংবিধানিক বৈধতাকে স্বীকৃতি দিল শীর্ষ আদালত। সেই সঙ্গে সুপ্রিম কোর্ট নির্বাচন কমিশনকে নির্দেশ দিল, এসআইআর-এর ফলে ভোটার তালিকা থেকে যাদের নাম বাদ পড়েছে, চূড়ান্ত নাগরিকত্ব যাচাই করতে তাঁদের নাম চার সপ্তাহের মধ্যে কেন্দ্রীয় সরকারের ক্ষমতাপ্রাপ্ত সংস্থার কাছে পাঠাতে হবে। গোটা দেশের মধ্যে বিহারেই সর্বপ্রথম এসআইআর শুরু হয়। তার পরেই এসআইআর-এর সাংবিধানিক বৈধতাকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে একগুচ্ছ মামলা দায়ের হয়। গত ২৯ জানুয়ারি শুনানির শেষে রায় সংরক্ষিত রাখে সুপ্রিম কোর্ট। এদিন প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ রায় দিয়েছে নির্বাচন কমিশনের এসআইআর করার সাংবিধানিক ক্ষমতা রয়েছে। আদালত জানিয়েছে, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের সাংবিধানিক দায়িত্ব পূরণ করাই এসআইআর-এর উদ্দেশ্য। তাই নিখুঁত ও বিশ্বাসযোগ্য ভোটার তালিকা প্রয়োজন।

**ভারতীয় রেলে ১৮তম জোন** বা অঞ্চল হিসেবে যুক্ত হল দক্ষিণ উপকূল রেল। দক্ষিণ-মধ্য রেল এবং পূর্ব উপকূল-রেলের একাংশ নিয়ে এই নতুন জোন গঠন করা হয়েছে। এর অধীনে বিশাখাপত্তনম, বিজয়ওয়াড়া, গুন্টুর এবং গুন্টকাল ডিভিশন থাকবে। এই জোনের সদর দফতর বিশাখাপত্তনম। নতুন জোন যুক্ত হওয়ায় রেলের লোগো আংশিক পরিবর্তিত হচ্ছে। এতদিন ১৭টি জোন থাকায় রেলের লোগোয় ১৭টি তারা থাকত। এবার লোগোয় আরও একটি তারা যুক্ত হবে। ২০১০ সালে রেলের ১৭তম জোন হয়েছিল কলকাতা মেট্রো। সেসময়েও আংশিক পরিবর্তিত হয়েছিল রেলের লোগো।

**রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক** (সিইও) হলেন নীলম মীনা। এদিন দিল্লির নির্বাচন সদন জানিয়েছে, ১৯৯৮ ব্যাচের আইএএস অফিসার নীলম মীনাকে ওই পদে নিয়োগ করা হয়েছে। এসআইআর এবং ভোটের সময় মনোজ আগরওয়াল সিইও ছিলেন। রাজ্যের পালাবদলের পরে মুখ্যসচিব হিসেবে মনোজকেই নিয়োগ করে বিজেপি সরকার। সেই শূন্যপদেই এলেন নীলম। এসআইআরের সময় নীলম রাজ্যের রোল পর্যবেক্ষক হিসেবেও কাজ করেছেন।

**প্যারালিম্পিক্সে দু'বারের স্বর্ণপদক-**জয়ী সুমিত আন্টিল বেঙ্গালুরুতে আয়োজিত অষ্টম ভারতীয় ওপেন প্যারা অ্যাথলেটিক্স আন্তর্জাতিক চ্যাম্পিয়নশিপে জ্যাভলিনে এফ-৬৪ বিভাগে নিজেরই গড়া বিশ্বরেকর্ড ভেঙে নতুন ইতিহাস গড়লেন। আন্টিল ৭৪.৮২ মিটার জ্যাভলিন ছুড়েছেন। এর আগে ২০২২ সালে চিনের হ্যাংঝাউতে এশীয় প্যারা গেমসে ৭৩.২৯ মিটার জ্যাভলিন থ্রো করেছিলেন।

## সম্প্রসারিত হল রাজ্যের মন্ত্রিসভা



১ জুন: জেলাভিত্তিক ভারসাম্য বজায় রেখেই সম্প্রসারিত হল রাজ্যে প্রথম বিজেপি সরকারের মন্ত্রিসভা। লোকভবনে এদিন ৩৫ জন মন্ত্রীকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল আর এন রবি। নতুন শপথ নেওয়া ৩৫ জনের মধ্যে ১৩ জন পূর্ণমন্ত্রী, ৩ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং বাকি ১৯ জন প্রতিমন্ত্রী। শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও প্রথম দফায় শপথ নেওয়া আরও পাঁচ মন্ত্রী। সব মিলিয়ে রাজ্যে মন্ত্রিসভার সদস্য সংখ্যা দাঁড়াল ৪১। তবে নতুন মন্ত্রীদের দফতর বন্টন অবশ্য এদিন হয়নি।

**২৮ মে** দিল্লি, হরিয়ানা, পাঞ্জাব ও ত্রিপুরা— এই চার রাজ্যে দলীয় সভাপতি পদে বদল আনল বিজেপি। দিল্লি বিজেপির রাজ্য সভাপতি করা হয়েছে হর্ষ মলহোত্রাকে। বর্তমানে তিনি মোদী মন্ত্রিসভায় দু'টি মন্ত্রকের প্রতিমন্ত্রী। হরিয়ানার রাজ্য সভাপতি হয়েছেন অর্চনা গুপ্ত। পেশায় রেডিয়োলজিস্ট অর্চনা অতীতে হরিয়ানা মহিলা বিজেপির সভানেত্রী ছিলেন। কংগ্রেস থেকে বিজেপিতে যাওয়া কেবল সিংহ ঢিল্লো পাঞ্জাবে দলের রাজ্য সভাপতি হয়েছেন। ত্রিপুরায় রাজ্য সভাপতির পদ গত ৯ মাস শূন্য ছিল। মাতাবাড়ি বিধানসভা কেন্দ্রের বিধায়ক অভিষেক দেবরায়কে ওই পদে বেছে নিলেন কেন্দ্রীয় নেতৃত্ব।

**২৯ মে** পশ্চিমবঙ্গে ১ অগস্ট থেকে জনগণনার কাজ শুরু হচ্ছে বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এবারই প্রথম ডিজিটাল মাধ্যমে তথ্য নথিবদ্ধ করা হবে বলে জানা গিয়েছে। নিজের তথ্য নিজেই নথিবদ্ধ (স্ব-গণনা বা সেলফ এনুমারেশন) করার সুবিধাও চালু হচ্ছে প্রথমবার। ২০১১ সালে শেষবার জনগণনার কাজ হয়েছিল। ১০ বছর অন্তর এই কাজ হওয়ার কথা থাকলেও কোভিডের কারণে ২০২১-২২ সালে তা করা সম্ভব হয়নি। রাজ্যের সেন্সাস অধিকর্তা রশ্মি কমল জানিয়েছেন, তথ্যের সুরক্ষা থাকবে সর্বোচ্চ পর্যায়ে। সাইবার নিরাপত্তা অগ্রাধিকারে রাখা হয়েছে। ১৯৪৮-এর জনগণনা আইনের অধীনে গৃহীত সব তথ্য কঠোর ভাবে গোপন থাকবে।

**ভারতের অর্থনৈতিক ও প্রযুক্তিগত** সম্ভাবনাকে স্বীকৃতি দিয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্পর্ক আরও প্রসারিত করতে চান বলে দাবি করলেন ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সের্জিয়ো গোর। দু'দেশের সম্পর্ক নিয়ে বলতে গিয়ে তিনি জানান, বিগত বছরগুলিতে দু'দেশের মধ্যে দ্বি-পাক্ষিক বাণিজ্য ব্যাপক হারে বৃদ্ধি পেয়ে দু'হাজার কোটি ডলার থেকে প্রায় ২২ হাজার কোটি ডলারে পৌঁছেছে। গোর-এর বক্তব্য প্রেসিডেন্ট ট্রাম্প দ্বিপাক্ষিক বাণিজ্য আরও সহজ করতে চান। সে ব্যাপারেই কথাবার্তা শুরু হতে চলছে দু-দেশের মধ্যে।

**৩০ মে** রাশিয়ার সঙ্গে আফগানিস্তানের তালিবান সরকার সামরিক প্রযুক্তির একটি চুক্তি সই করল। এই চুক্তির আওতায় রয়েছে অস্ত্র বিনিময়, সামরিক প্রযুক্তির হস্তান্তর, যৌথ প্রকল্প ও মহড়ার মতো বিষয়গুলি। কূটনৈতিক শিবিরের মতে, ভারত-রাশিয়া সংলাপের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হল আফগানিস্তানের সুস্থিতি। বিষয়টির সঙ্গে আফগানিস্তানের কৌশলগত স্বার্থ জড়িয়ে রয়েছে। ভারত বরাবরই পাকিস্তানের সামরিক হামলার মুখে দাঁড়ানো কাবুলের সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে সরব। আফগানিস্তানের বিরুদ্ধে পাকিস্তানের আন্তঃসীমান্ত সন্ত্রাস চলছে গতবছর থেকে। এই চুক্তির ফলে তালিবানের হাত অনেকটাই শক্ত হল বলে মনে করা হচ্ছে।

## প্রয়াত সুমন কল্যাণপুর



৩১ মে: স্বর্ণকণ্ঠী সংগীত শিল্পী সুমন কল্যাণপুর (৮৯) প্রয়াত হলেন। মুম্বইয়ে নিজের বড়িতেই প্রয়াত হয়েছেন খ্যাতনামা এই সংগীতশিল্পী। হিন্দি, মারাঠি, বাংলা-সহ নানান ভাষায় জনপ্রিয় সব গান গেয়েছেন তিনি। মহম্মদ রফির সঙ্গে তাঁর বহু হিট ডুয়েট রয়েছে। 'আজকাল তেরে মেরে প্যায়ার কে চর্চে, 'না না করতে প্যায়ার তুমসে' এরকম বহু জনপ্রিয় গান শ্রোতাদের উপহার দিয়েছেন তিনি। বাংলায় 'মনে করো আমি নেই'— সেরকমই একটি মুখে মুখে ফেরা গান।

## টানা দু-বার চ্যাম্পিয়ন্স লিগ জিতল পিএসজি




৩০ মে: হাঙ্গেরির বুদাপেস্ট-এ আয়োজিত উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে আর্সেনালকে টাইব্রেকারে হারিয়ে খেতাব জিতল পিএসজি। এই নিয়ে টানা দ্বিতীয়বার খেতাব জিতল তারা। ১২০ মিনিট পর্যন্ত দুই দলের ফল ছিল ১-১। টাইব্রেকারে (৪-৩) ফলাফল নির্ধারিত হয়। ২০০৬ সালের পরে চ্যাম্পিয়ন্স লিগে ফের একবার স্বপ্নভঙ্গ হল আর্সেনালের। অথচ, খেলা শুরুর ৬ মিনিটেই কাই হাভার্ৎজের গোলে এগিয়ে গিয়েছিল আর্সেনাল। ৬৫ মিনিটে পেনাল্টি থেকে ম্যাচে সমতা ফেরান পিএসজির উসমান দেম্বেলে। পিএসজির হয়ে টাইব্রেকারে গোল করেন যথাক্রমে গঞ্জালো র‍্যামোস, দিদিয়ে দুয়ে, আশরফ হাকিমি এবং বেরালদো। আর্সেনালের গোলদাতারা হলেন ভিক্টর ইয়োকেরেস, ডেকলান রাইস, গ্যাব্রিয়েল মার্তিনেল্লি।

**১ জুন** মায়ানমারে বিদ্রোহীদের দখলে থাকা এক অঞ্চলে বড় ধরনের বিস্ফোরণে ৪৬ জনের মৃত্যু হয়েছে। উদ্ধারকারী দল ব্রিটিশ সংবাদমাধ্যমকে এ খবর জানিয়েছে। মায়ানমারে জুন্টা সরকারের সঙ্গে দীর্ঘদিন ধরেই লড়াই চলছে একাধিক বিদ্রোহী গোষ্ঠীর। তেমনই এক গোষ্ঠী 'টাং ন্যাশনাল লিবারেশন আর্মি'-র নিয়ন্ত্রণে রয়েছে বিস্ফোরণ যেখানে ঘটেছে সেই নামখাম এলাকা। জায়গাটি চিন-মায়ানমার সীমান্তের কাছে শান প্রদেশে। বিদ্রোহীরা অবশ্য দাবি করেছে, গুদামে স্থানীয় খনির কাজের জন্য রাখা বিস্ফোরকের স্তূপে বিস্ফোরণের ফলেই এই ঘটনা ঘটেছে।

**দেশের চারটি হাইকোর্টের প্রধান** বিচারপতি এবং শীর্ষস্থানীয় একজন আইনজীবীকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ করা হল। এদিন কেন্দ্রীয় সরকারের তরফে এব্যাপারে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। শীর্ষ আদালতের বিচারপতি হিসেবে যাঁদের নিয়োগ করা হয়েছে তাঁরা হলেন, পাঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টের প্রধান বিচারপতি শীল নাগু, বম্বে হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রী চন্দ্রশেখর, মধ্যপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব সচদেব, জম্মু-কাশ্মীর ও লাদাখ হাইকোর্টের প্রধান বিচারপতি অরুণ পাল্লি। এছাড়া সুপ্রিম কোর্টের শীর্ষস্থানীয় আইনজীবী ভি মোহানাকেও শীর্ষ আদালতের বিচারপতি করা হয়েছে।

## ভারত সফরে এলেন মায়ানমারের প্রেসিডেন্ট



১ জুন: ভারত সফরে এসে নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করলেন মায়ানমারের প্রেসিডেন্ট মিন অং হ্লাইং। মায়ানমারের জমিকে কখনওই ভারতের বিরুদ্ধে ব্যবহার করতে দেওয়া হবে না বলে তিনি নরেন্দ্র মোদীকে আশ্বাস দিয়েছেন বলে জানা গিয়েছে। দুই প্রধানের যৌথ বিবৃতিও প্রকাশিত হয়েছে। তাঁদের আলোচনায় ভারতের সীমান্ত নিরাপত্তা, সন্ত্রাস দমন, গোয়েন্দা সহযোগিতা, বাণিজ্য এবং যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি উঠে এসেছে। সীমান্ত সুরক্ষার পাশাপাশি দুই নেতা মায়ানমারের বিরল খনিজ মজুতে প্রবেশাধিকার এবং দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক ও যোগাযোগ ব্যবস্থা প্রসারের বিষয়ে মত বিনিময় করছেন।

**২ জুন** বিগত ১৮ মাসের মধ্যে ইউক্রেনে সবচেয়ে বিধ্বংসী আক্রমণ শানাল রাশিয়া। হামলায় ১৮ জনের মৃত্যু ও শতাধিক জখম হওয়ার খবর মিলেছে। ইউক্রেনের অনেকগুলি শহরে মোট ৬০০টি ড্রোন ও অসংখ্য ক্ষেপণাস্ত্রের সমন্বয়ে হামলা চালায় রাশিয়া। কিভ, নিপ্রো-সহ বহু শহরে হাইপারসনিক হামলা চলে। অন্যদিকে, ফ্রান্স ও ব্রিটেন এক যৌথ অভিযান চালিয়ে একটি রুশ তেলের ট্যাঙ্কারকে আটক করে। তাদের দাবি, আন্তর্জাতিক জলসীমার নিয়ম উপেক্ষা করেই তেল পাঠাচ্ছিল রাশিয়া। যদিও এই আটককে রাশিয়া 'বেআইনি' বলে প্রতিবাদ জানিয়েছে।

**রুদ্রম-২ ক্ষেপণাস্ত্রের পরীক্ষামূলক** ব্যবহারে সফল হল ডিআরডিও ও ভারতীয় বায়ুসেনা। এই ক্ষেপণাস্ত্র আকাশ থেকে মাটিতে থাকা লক্ষ্যবস্তুতে (এয়ার টু সারফেস) আঘাত হানতে উপযোগী। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রের খবর, ওড়িশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জে এই পরীক্ষা হয়েছিল। যুদ্ধজাহাজ থেকে ছোড়ার পরে মাটিতে রাখা লক্ষ্যে ক্ষেপণাস্ত্রটি নিখুঁত আঘাত করেছে। ডিআরডিও ছাড়াও আরও একাধিক প্রতিরক্ষা সংক্রান্ত সংস্থা এই ক্ষেপণাস্ত্র তৈরির সঙ্গে যুক্ত ছিল।

**প্রাক্তন ভারতীয় লেগ-স্পিনার** সাইরাজ বাহুতুলে ভারতীয় দলের স্পিন বোলিং কোচ হলেন। এর আগে তিনি জাতীয় অনূর্ধ্ব-১৯ এবং ভারতীয় 'এ' দলের হয়ে কাজ করেছেন। এদিন ভারতীয় ক্রিকেট বোর্ড এক বিবৃতিতে বাহুতুলেকে নিয়োগ করার কথা জানিয়েছে। বাহুতুলে জানিয়েছেন, ভারতীয় দলের প্রতিনিধিত্ব করা বিরাট গর্বের ছিল। ভারতীয় দলের কোচ হিসেবে অবদান রাখার সুযোগ পাওয়াটা বিশেষ ব্যাপার।

## টানা দ্বিতীয়বার আইপিএল খেতাব আরসিবির



৩১ মে: টানা দ্বিতীয়বার আইপিএল খেতাব জিতল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু (আরসিবি)। আমেদাবাদে আয়োজিত ফাইনালে গুজরাট টাইটানসকে ৫ উইকেটে হারাল তারা। গুজরাট প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৮ উইকেটে ১৫৫ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে ১৮ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৬১ রানে পৌঁছে যায় আরসিবি। বিরাট কোহলি ৪২ বলে ৭৫ রান করে ম্যাচের সেরা হয়েছেন। প্রতিযোগিতায় সর্বাধিক রানের কমলা টুপি পেয়েছেন বৈভব সূর্যবংশী (৭৭৬ রান)। সর্বাধিক উইকেটের বেগুনি টুপি পেয়েছেন কাগিসো রাবাডা (২৯ উইকেট)। প্রতিযোগিতায় সর্বাধিক ছক্কাও মেরেছেন বৈভব সূর্যবংশী (৭২)। সর্বাধিক চার মেরেছেন সাই সুদর্শন (৭৫)।

# মাজাগন ডকে ৪৯৫ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

**স্ট্রাকচারাল ফিটার:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে। উচ্চতর যোগ্যতা থাকলেও আবেদন করা যাবে। **বয়স:** ১-১০-২০২৬ তারিখে ১৫ থেকে ১৯ বছরের মধ্যে হতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ২ বছর।

**গ্রুপ 'বি': ফিটার স্ট্রাকচারাল:** ৫০টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৫, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ৫০টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৫, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রনিক মেকানিক:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **পেইন্টার (জেনারেল):** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **পাইপ ফিটার/প্লাম্বার:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ওয়েল্ডার:** ৪০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ১২, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **উড ওয়ার্ক টেকনিশিয়ান/কার্পেন্টার:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। ফিটার স্ট্রাকচারাল ট্রেডের ক্ষেত্রে ফিটার ট্রেডে আইটিআই কোর্স পাশ করে থাকলে আবেদন করা যাবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। তবে তাঁদের ১-১০-২০২৬ তারিখের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে। **বয়স:** ১-১০-২০২৬ তারিখে ১৬ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ: ১ বছর।

**গ্রুপ 'সি': রিগার:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ট্রেনিংয়ের মেয়াদ: ২বছর। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, সামাজিক ও আর্থিক ভাবে অনগ্রসর ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ট্রেনিংয়ের মেয়াদ: ১ বছর ৩ মাস। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ক্লাস এইট পাশ। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে। উচ্চতর যোগ্যতা থাকলেও আবেদন করা যাবে। **বয়স:** ১-১০-২০২৬ তারিখে ১৪ থেকে ১৮ বছরের মধ্যে হতে হবে।

বয়সের ক্ষেত্রে তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই ও ট্রেড অ্যালটমেন্ট এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। অনলাইন পরীক্ষা ১০০ নম্বরের। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র মুম্বই, থানে, পুনে, নাগপুর, লাতুর, কোলাপুর, নাসিক ও ঔরঙ্গাবাদ।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mazagondock.in আবেদনের শেষ তারিখ ১ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিট করার পর অ্যাপ্লিকেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পরে প্রয়োজন হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের প্রিন্ট আউট নিয়ে নেবেন। পরে প্রয়োজন হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Ramakrishna Mission Shilpamandira
Community Training Centre
313 G.T. Road, Belur Math, Howrah - 711 202
ভর্তি চলিতেছে
1 Year: ❖ Industrial Fitter ❖ Mechanical Technician ❖ Industrial Electrician ❖ Motor Mechanic Technician ❖ Refrigeration Technician
- যোগ্যতা - মাধ্যমিক
6 Months: ❖ Fitter & Pipe-Fitter ❖ Automobile Mechanic
❖ CNC Operator (3 Months)
কোর্সের শেষে কাজের সুযোগ
6 Months: ❖ Machinist ❖ Electrician ❖ Electric Vehicle Technician ❖ Smart Phone & TV Repairing ❖ Refrigeration & Air Conditioning
Training Partner: BLUE STAR BUILT ON TRUST, Mahindra Rise, IFB
NCVET ESSCI ASDC CGSSC
Only Male · Age Limit :- 30 Years ☎7685073804 Visit us : rkmsctc.org
Facilities: Excellent Workshop, Personality & Interview Preparation, Library, Canteen, Industry Visits, Scholarship.

# অ্যাকসেঞ্চারে ২১ হাজার

*প্রথম পাতার পর*

পরিকাঠামো তৈরি করা মূল দায়িত্ব। সংস্থা জানিয়েছে, প্রার্থীকে সর্বসমেত অন্তত ১৫ বছর শিক্ষা গ্রহণ করে থাকতে হবে। অর্থাৎ কম্পিউটার সায়েন্স, আইটি-র ডিগ্রি ও ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারবেন।

পদ অনুসারে কাজের ধরন সম্পর্কে জানতে পারবেন এই ওয়েবসাইটে: https://www.accenture.com/in-en/careers/life-at-accenture/entry-level ওয়েবসাইটে 'জব সার্চ' লিঙ্কে ক্লিক করবেন। ড্রপ ডাউন মেনুতে 'এরিয়া অব ইন্টারেস্ট'-এর ঘরে সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং-সংলগ্ন বক্সে ক্লিক করলে বিভাগ অনুসারে পদ-সংক্রান্ত তথ্য পাবেন। আবেদনের লিঙ্কও পাওয়া যাবে।

# সি-ড্যাকে ১৯৪

*প্রথম পাতার পর*

C-DAC/BLR/02/2026.

শূন্যপদের বিবরণ: **প্রোজেক্ট অ্যাসোসিয়েট-হার্ডওয়্যার:** ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। অথবা সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বার্ষিক বেতন:** ৩.৬ লাখ। **চুক্তির মেয়াদ:** ১ বছর।

**প্রোজেক্ট অ্যাসোসিয়েট-সফটওয়্যার ডেভেলপমেন্ট:** ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। অথবা সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে সর্বাধিক ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বার্ষিক বেতন:** ৩.৬ লাখ থেকে ৫.০৪ লাখ। **চুক্তির মেয়াদ:** ১ বছর।

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-ক্রিটিক্যাল ইনফ্রাস্ট্রাকচার সিকিউরিটি অ্যান্ড এআই:** ৬টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-ক্রিপ্টোগ্রাফি অ্যান্ড পিকেআই:** ১০টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-এইচপিসি সিস্টেম সফটওয়্যার অ্যান্ড অ্যালায়েড এরিয়াজ:** ২৫টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-আইএএ-অটোমোটিভ অ্যান্ড অ্যালায়েড এরিয়াজ:** ৫টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-কোয়ান্টাম কম্পিউটিং অ্যান্ড অ্যালায়েড এরিয়াজ:** ৮টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-ট্রাস্ট অ্যান্ড অ্যালায়েড এরিয়াজ:** ১৫টি। **প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-ভিএলএসআই এমই:** ২৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। অথবা সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সিজিপিএ থাকতে হবে। পিএইচডি ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সেই সঙ্গে সর্বাধিক ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ফ্রেশারদের ক্ষেত্রে ৩০ বছর এবং অভিজ্ঞদের ক্ষেত্রে ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বার্ষিক বেতন:** ৪.৪৯ লাখ থেকে ৭.১১ লাখ টাকা। **চুক্তির মেয়াদ:** ৩ বছর।

বয়সের ক্ষেত্রে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা স্কিল টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.cdac.in/ প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো (জেপিজি ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রার্থীর জীবনপঞ্জি (পিডিএফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেন্ট্রাল ব্যাঙ্কে ৪৫০০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

**বয়স:** ৩১-৫-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১৫,০০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই ও স্থানীয় ভাষার দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড, কম্পিউটার নলেজ, জেনারেল ইংলিশ ও সংশ্লিষ্ট ব্যাঙ্কের বিভিন্ন প্রোডাক্ট ও সার্ভিস বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করে প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইট লিংকের মাধ্যমে: https://nats.education.gov.in/student_type.php নাম নথিভুক্তির পর পাওয়া এনরোলমেন্ট আইডি বা অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন কোড লিখে রাখবেন। আবেদনের শেষ তারিখ ২২ জুন। এরপর info@bfsissc.com থেকে প্রার্থীর ই-মেলে একটি লিংক পাঠানো হবে। সেই লিংকে ক্লিক করে আবেদনের ফি জমা দেওয়া যাবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৬০০ টাকা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। জিএসটি অতিরিক্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://centralbank.bank.in/ অথবা https://bfsissc.com

B.TECH AT AMITY KOLKATA
2026 ADMISSIONS OPEN
#1 RANKED PVT. UNIVERSITY FOR ENGINEERING IN WEST BENGAL
As from rankings of National Institutional Ranking Framework 2025, Ministry of Education, Govt. of India
Amity students have secured placements in top organisations like:
Deloitte. pwc SAP EY
B.TECH SPECIALISATIONS OFFERED:
• Computer Science & Engg. (CSE)
• CSE (AI & ML) with IBM
• CSE (AI & Data Sc.) with IBM
• CSE (Cloud Computing)
• CSE (Cyber Security with Blockchain Tech.) with IBM
• Artificial Intelligence (AI)
• Biotechnology • Civil Engg.
• Mech. & Automation Engg.
• Electronics & Comm. Engg.
ADMISSIONS ALSO OPEN FOR:
• BCA (Hons.)
• BCA (Data Sc. & AI) with IBM
• B.Sc. (Hons.) - Data Science
Learn from distinguished faculty who have published over 2,000 books, chapters and research papers
Get hands-on experience at 70 industry-grade hi-tech labs
Get dedicated placement support at the Corporate Resource Centre through internships, live projects, CXO lectures, mock interviews, personality enhancement modules...
Join Amitians who have been selected for higher studies in top universities like Cambridge, Warwick, James Cook, Middlesex.

| Scholarship | 100% | 50% | 25% |
|---|---|---|---|
| Agg. %age in XII Boards* | 93%+ | 88%+ | 70%+ |

*CBSE/ISC/State (2026/2025)
Amity University Kolkata, Rajarhat, New Town
Apply at: kolkata.amity.edu
TOLL-FREE: 1800-102-3320 | 70-031-62058
AMITY UNIVERSITY — KOLKATA —

# এইমসে ১১৯৫

*প্রথম পাতার পর*

স্নাতক, কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট (লোয়ার ডিভিশন ক্লার্ক)**: ২৬টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ হলে অগ্রাধিকার। মাধ্যমিক সহ সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদন করা যাবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**লোয়ার ডিভিশন ক্লার্ক**: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ হলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**আপার ডিভিশন ক্লার্ক**: ২৪টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)**: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**ওয়্যারম্যান**: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আইটিআই ডিপ্লোমা। এর পাশাপাশি ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট ট্রেডে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**ইলেক্ট্রিশিয়ান**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আইটিআই ডিপ্লোমা। এর পাশাপাশি ইলেক্ট্রিক্যাল সুপারভাইজরি কম্পিটেন্সি সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট ট্রেডে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**অপারেশন থিয়েটার অ্যাসিস্ট্যান্ট**: ৫৩টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যানিস্থেশিয়া অ্যান্ড অপারেশন থিয়েটার টেকনোলজিস্ট বা ওটি টেকনোলজি বা অ্যানিস্থেশিয়া টেকনোলজিতে বি এসসি। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট/টেকনিশিয়ান (অ্যানিস্থেশিয়া/অপারেশন থিয়েটার)**: ৩৭টি। শিক্ষাগত যোগ্যতা: অপারেশন থিয়েটার টেকনিক্সে বি এসসি-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**টেকনিশিয়ান/টেকনোলজিস্ট (অপারেশন থিয়েটার)**: ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যানিস্থেশিয়া অ্যান্ড অপারেশন থিয়েটার টেকনোলজিস্ট বা ওটি টেকনোলজি বা অ্যানিস্থেশিয়া টেকনোলজিতে বি এসসি। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**টেকনোলজিস্ট (অপারেশন থিয়েটার)**: ১০৬টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যানিস্থেশিয়া অ্যান্ড অপারেশন থিয়েটার টেকনোলজিস্ট বা ওটি টেকনোলজি বা অ্যানিস্থেশিয়া টেকনোলজিতে বি এসসি। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**ফার্মাসিস্ট**: ৩১টি। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে ডিপ্লোমা, সঙ্গে ফার্মাসিস্ট হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**ফার্মাসিস্ট গ্রেড-টু**: ২২টি। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে ডিপ্লোমা, সঙ্গে ফার্মাসিস্ট হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**ক্যাশিয়ার**: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: কমার্সে স্নাতক, সঙ্গে কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**জুনিয়র অ্যাকাউন্টস অফিসার**: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: কমার্সে স্নাতক, সঙ্গে কোনও সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**স্টোর কিপার**: ২৪টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সঙ্গে মেটিরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা মেটিরিয়াল ম্যানেজমেন্টে ডিগ্রি-সহ স্টোর হ্যান্ডলিং-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**স্টোর কিপার-কাম-ক্লার্ক**: ৪১টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**ডিসেকশন হল আটেন্ড্যান্ট**: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**ড্রেসার**: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ফার্স্ট এইড সার্টিফিকেট-সহ ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৬ মাসের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

**হসপিটাল অ্যাটেন্ড্যান্ট গ্রেড-থ্রি (নার্সিং আর্দালি)**: ৪৪টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে হসপিটাল সার্ভিসেসে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। হাসপাতালে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

**নার্সিং অ্যাটেন্ড্যান্ট**: ৩২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ফার্স্ট এইড সার্টিফিকেট-সহ ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

**অপারেশন থিয়েটার অ্যাটেন্ড্যান্ট**: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে ফার্স্ট এইড সার্টিফিকেট-সহ ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালের অপারেশন থিয়েটারে ৬ মাসের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

**জুনিয়র মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট**: ৭৭টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা বায়োটেকনোলজি-সহ উচ্চ মাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ২ বছরের ডিপ্লোমা। এর পাশাপাশি অন্তত ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতালের ল্যাবরেটরিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে স্নাতক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**ল্যাব অ্যাটেন্ড্যান্ট গ্রেড-টু**: ৫৩টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান**: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে স্নাতক, সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা বায়োকেমিস্ট্রি বা কেমিস্ট্রি বা বটানি বা জুলজি বা মাইক্রোবায়োলজি বা বায়োটেকনোলজিতে বি এসসি, সঙ্গে মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা-সহ ২ বছরের অভিজ্ঞতা। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট**: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি বা মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্সে স্নাতক। এর পাশাপাশি অন্তত ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতালের ল্যাবরেটরিতে বা এনএবিএল কর্তৃক স্বীকৃত ল্যাবরেটরিতে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান**: ১৩১টি। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল রেকর্ডসে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে ৬ মাস মেয়াদের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অফিস অ্যাপ্লিকেশন, স্প্রেড শিট, প্রেজেন্টেশন-সহ কম্পিউটারের ব্যবহার জানতে হবে। কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে পারা চাই। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট**: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে শর্টহ্যান্ডে ইংরেজি বা হিন্দিতে প্রতি মিনিটে ১০০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৪০ মিনিটে বা হিন্দিতে ৫৫ মিনিটে টাইপ করতে পারা চাই। সেক্রেটারিয়াল প্র্যাক্টিসে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে, ইংরেজি ও হিন্দিতে সাবলীল ভাবে বলতে ও লিখতে পারলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**স্টেনোগ্রাফার**: ৩৩টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক, সঙ্গে মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করতে পারা চাই। ইংরেজি ও হিন্দিতে সাবলীল ভাবে বলতে ও লিখতে পারলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**মেডিক্যাল সোশ্যাল সার্ভিস অফিসার গ্রেড-ওয়ান**: ২১টি। শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ৫ বছরের অভিজ্ঞতা। কম্পিউটার জানলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে।

**টেকনিশিয়ান (রেডিয়োথেরাপি)**: ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: রেডিয়োথেরাপি টেকনোলজিতে বি এসসি বা ডিপ্লোমা। সঙ্গে ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**রেডিয়োগ্রাফিক টেকনিশিয়ান গ্রেড-১/টেকনিশিয়ান রেডিয়োলজি**: ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: রেডিয়োগ্রাফিতে অনার্স-সহ বি এসসি বা ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অফিস অ্যাপ্লিকেশন, স্প্রেড শিট, প্রেজেন্টেশন-সহ কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**পারফিউশনিস্ট**: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, সঙ্গে পারফিউশন টেকনোলজিতে সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি ক্লিনিক্যাল পারফিউশন-সংক্রান্ত কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**জুনিয়র ফিজিয়োথেরাপিস্ট**: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চ মাধ্যমিক, সঙ্গে ফিজিয়োথেরাপিতে স্নাতক। ফিজিয়োথেরাপি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**ফিজিয়োথেরাপিস্ট**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চ মাধ্যমিক, সঙ্গে ফিজিয়োথেরাপিতে স্নাতক ফিজিয়োথেরাপি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)**: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে লাইট মোটর ভেহিক্যাল ও হেভি মোটর ভেহিক্যাল কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পাশাপাশি, বাণিজ্যিক যান চালানোয় ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**রিসেপশনিস্ট**: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাস কমিউনিকেশন বা হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন বা হসপিটাল ম্যানেজমেন্টে স্নাতক। এর পাশাপাশি অফিস অ্যাপ্লিকেশন, স্প্রেডশিট, প্রেজেন্টেশন-সহ কম্পিউটারের ব্যবহার জানা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**জুনিয়র ওয়ার্ডেন (হাউসকিপার)**: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**ওয়ার্ডেন (হস্টেল ওয়ার্ডেন)**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে হাউসকিপিং বা মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা পাবলিক রিলেশনস বা এস্টেট ম্যানেজমেন্টে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

**সিনিয়র নার্সিং অফিসার**: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি বা পোস্ট-বেসিক বা পোস্ট সার্টিফিকেট কোর্স পাশ। সঙ্গে কোনও ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে স্টাফ নার্স গ্রেড-টু পদে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। অফিস অ্যাপ্লিকেশন, স্প্রেডশিট, প্রেজেন্টেশন-সহ কম্পিউটারের ব্যবহার জানা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৮ অনুসারে।

**স্যানিটারি ইনস্পেক্টর গ্রেড-২**: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক, সঙ্গে অন্তত ১ বছর মেয়াদের হেল্থ স্যানিটারি ইনস্পেক্টর কোর্স পাশ। এর পাশাপাশি অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**নিউক্লিয়ার মেডিসিন টেকনোলজিস্ট**: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্স বা সমতুল শাখায় বি এসসি, সঙ্গে এইআরবি কর্তৃক স্বীকৃত মেডিক্যাল রেডিয়েশন অ্যান্ড আইসোটোপ টেকনিক্সে ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ। কোনও নিউক্লিয়ার মেডিসিন ল্যাবরেটরি থেকে মেডিক্যাল রেডিয়েশন অ্যান্ড আইসোটোপ টেকনিক্সে পোস্ট-ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**প্লাম্বার**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই ডিপ্লোমা সার্টিফিকেট, সঙ্গে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**অপারেটর (ইঅ্যান্ডএম)/লিফট অপারেটর**: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই ডিপ্লোমা সার্টিফিকেট। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**জুনিয়র কার্ডিয়াক টেকনিশিয়ান**: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চ মাধ্যমিক। সঙ্গে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। এর পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

**সিকিউরিটি-কাম-ফায়ার অ্যাসিস্ট্যান্ট**: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সশস্ত্র বাহিনী, আধা-সামরিক বাহিনী বা পুলিশ বিভাগে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। দৈহিক মাপজোক: উচ্চতা পুরুষদের ক্ষেত্রে ১৬৭ সেমি (পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৬২ সেমি), মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতির মাপ কেবল পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি) হতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

৩০-৬-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও স্কিল টেস্টের (সিকিউরিটি-কাম-ফায়ার অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শারীরিক সক্ষমতার পরীক্ষার) মাধ্যমে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ২৫ থেকে ২৭ জুলাই। স্কিল টেস্টের তারিখ পরে জানানো হবে। দেশের সব বড় শহরে পরীক্ষাকেন্দ্র থাকবে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নম্বর ৪০০। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://aiimsexams.ac.in দরখাস্তের শেষ তারিখ ৩০ জুন। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই ও বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৩,০০০ টাকা (তফসিলি ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২,৪০০ টাকা)। প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে ৩৯৬

বিভিন্ন পদে ৩৯৬ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে বিভিন্ন সরকারি অফিস ও দপ্তরে। পদ অনুসারে প্রবেশন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৬/২০২৬।

**শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬০১২১৩: জুনিয়র সায়েন্টিফিক অফিসার:** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাইক্রোবায়োলজিতে এম এসসি। অথবা প্ল্যান্ট প্যাথোলজি বা মাইক্রোবায়োলজি বা মাইকোলজিতে স্পেশ্যালাইজেশন-সহ বটানিতে এম এসসি। অথবা সয়েল সায়েন্স বা এগ্রিকালচারাল কেমিস্ট্রি বা অ্যাগ্রোনমি বা মাইক্রোবায়োলজি বা প্ল্যান্ট প্যাথোলজি বা হর্টিকালচার বা এগ্রিকালচারাল এক্সটেনশনে স্পেশ্যালাইজেশন-সহ এগ্রিকালচারে এম এসসি। পিএইচডি বা অর্গ্যানিক ফার্মিং সংক্রান্ত গবেষণায় ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬০৪৬১৩: এয়ার সেফটি অফিসার:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে সিভিল অ্যাভিয়েশন মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬০৩৬১৩: অপারেশনস অফিসার:** ১৯টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: সিভিল বা মেকানিক্যাল বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা অ্যারোনটিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক-সহ ২ বছরের অভিজ্ঞতা। অথবা ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে এম এসসি-সহ ১ বছরের অভিজ্ঞতা। অথবা বি এসসি ডিগ্রি-সহ ৩ বছরের অভিজ্ঞতা। সে ক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স পড়ে থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে সিভিল অ্যাভিয়েশন মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬২৭৩১৩: অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারস):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক এবং এম ই বা এম টেক। স্নাতক অথবা স্নাতকোত্তর স্তরে প্রথম শ্রেণির নম্বর থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৩৭২১৩: জুনিয়র সায়েন্টিফিক অফিসার:** ৫টি (সাধারণ ৩, ওবিসি ২)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা কেমিস্ট্রি বা পলিমার কেমিস্ট্রি বা ইলেক্ট্রনিক্সে স্নাতকোত্তর। অথবা ইলেক্টনিক্স বা টেলিকমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেস টেকনোলজি বা মেটালার্জিক্যাল বা মেকানিক্যাল বা অ্যারোনটিক্যাল বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। এর পাশাপাশি, ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৮ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৪৪২১৩: সায়েন্টিস্ট 'বি':** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: জুলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে ৩ বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। জুলজিতে ডক্টরেট ডিগ্রি থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৪৫২১৩: অ্যাসিস্ট্যান্ট লিগ্যাল অ্যাডভাইজার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেইসঙ্গে অ্যাডভোকেট (ক্রিমিন্যাল ল বা ফিসক্যাল ল) হিসেবে স্নাতকদের ক্ষেত্রে ৩ বছরের ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে অর্থ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৫০৬১৩: অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (আইটি):** ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অ্যাপ্লিকেশন বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। এর পাশাপাশি, ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে স্বরাষ্ট্র মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৫২৬১৩: ডেপুটি সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার:** ৬টি (সাধারণ ৩, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বিএসসি (ইঞ্জিনিয়ারিং)। অথবা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিংয়ে এএমআইই। অথবা ফিজিক্সে এম এসসি, সে ক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশনস পড়ে থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে স্বরাষ্ট্র মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৫৪৪১৩: অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর গ্রেড-টু (ইকনমিক ইনভেস্টিগেশন):** ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৫৬২১৩: অ্যাসিস্ট্যান্ট মাইনিং জিওলজিস্ট:** ৫টি (সাধারণ ৩, ওবিসি ২)। শিক্ষাগত যোগ্যতা: জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে খনি মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৫৮২১৩: অ্যাসিস্ট্যান্ট পাবলিক প্রসিকিউটর:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে পার্সোনেল, পাবলিক গ্রিভান্সেস অ্যান্ড পেনশনস মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৮১১১৩: মেডিক্যাল অফিসার/রিসার্চ অফিসার (আয়ুর্বেদ):** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: আয়ুর্বেদে স্নাতক। সেই সঙ্গে সেন্ট্রাল বা স্টেট রেজিস্টার অব ইন্ডিয়ান মেডিসিনে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে আয়ুশ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৮২১১৩: মেডিক্যাল অফিসার/রিসার্চ অফিসার (হোমিওপ্যাথি):** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: হোমিওপ্যাথিতে স্নাতক। সেই সঙ্গে সেন্ট্রাল বা স্টেট রেজিস্টার অব হোমিওপ্যাথিতে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে আয়ুশ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৬৮৩২১৩: সায়েন্টিস্ট 'বি':** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: বটানি বা হর্টিকালচার বা কেমিস্ট্রি (অর্গ্যানিক)-তে স্নাতকোত্তর ডিগ্রি। ডক্টরেট থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে এনভায়রনমেন্ট, ফরেস্টস অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৮৫৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি (অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি):** শূন্যপদ ২২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৮৬৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি (রেডিয়ো-ডায়াগনসিস):** শূন্যপদ ১৫টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৮৮৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (অটো-রাইনো-ল্যারিঙ্গোলজি):** শূন্যপদ ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৮৯৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (জেনারেল সার্জারি):** শূন্যপদ ৩৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯০৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি (পেডিয়াট্রিক্স):** শূন্যপদ ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯১৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি):** শূন্যপদ ১৪টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯২৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি (অটো-রাইনো-ল্যারিঙ্গোলজি):** শূন্যপদ ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯৩৫১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (অ্যানিস্থেশিয়োলজি):** শূন্যপদ ৭৫টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৩২, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯৬১১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (নেফ্রোলজি):** শূন্যপদ ৭টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯৭১১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি (জেনারেল সার্জারি):** শূন্যপদ ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ওবিসি ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভ্যাকেন্সি নম্বর: ২৬০৬০৬৯৮১১৩: স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি (জেনারেল মেডিসিন):** শূন্যপদ ২৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস। সেই সঙ্গে সংশ্লিষ্ট শাখায় পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা-সহ ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে। সঙ্গে নন-প্র্যাক্টিসিং অ্যালাওয়েন্স। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকে।

৩-৭-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in/ora/ দরখাস্তের শেষ তারিখ ৩ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ২৫ টাকা। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://upsc.gov.in প্রয়োজনে তথ্যের জন্য ফোন করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: (011) 2404-1001 অথবা (011) 4030-3444.

# জিপমারে চিকিৎসক

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার ও স্পেশ্যালিস্ট গ্রেড-টু পদে ৩৩ জনকে নেবে জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: JPADMN-1REC031/1/2026.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ৩১১২০২৬: স্পেশ্যালিস্ট গ্রেড-টু (জুনিয়র স্কেল):** ৮টি (সাধারণ)। নিয়োগ করা হবে অ্যানিস্থেশিয়োলজি, কার্ডিয়োলজি, মেডিসিন, নেফ্রোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অর্থোপেডিক্স ও রেডিয়ো-ডায়াগনসিস বিভাগে। শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে এমএস বা এমডি বা সমতুল স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কার্ডিয়োলজি ও নেফ্রোলজির ক্ষেত্রে এমবিবিএস ডিগ্রি-সহ ডক্টরেট অব মেডিসিন (ডিএম)। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-৭-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে।

**পোস্ট কোড ১১২২০২৬, ২১২২০২৬, ৩১২২০২৬: জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার:** মোট শূন্যপদ ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস, সঙ্গে ১ বছরের বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-৭-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৫ জুলাই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jipmer.edu.in দরখাস্তের শেষ তারিখ ১ জুলাই। দরখাস্তের সময় প্রার্থীর সম্প্রতি তোলা ১ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে) ও সই (উভয়ই ১০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। প্রার্থীর নাম ও যে-তারিখে ফটোটি তোলা হচ্ছে সেটি একটি স্লেট বা প্ল্যাকার্ডে লিখে সেটিকে সামনে ধরে ফটো তুলতে হবে। দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের ১ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের ১ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে প্রফেসর

বিভিন্ন বিভাগে ৪৪ জন প্রফেসর নেবে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। প্রথমে ১ বছরের প্রবেশন। যাঁরা এই নিয়োগের পূর্ব-প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করেছেন, তাঁরা আর আবেদন করবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PU_RECR_AP_29-26.

**বিভাগ অনুসারে শূন্যপদ:** ফিজিক্স ৪টি, কেমিস্ট্রি ৪টি, জিওলজি ৫টি, ম্যাথমেটিক্স ১টি, স্ট্যাটিস্টিক্স ২টি, ইকনমিক্স ৫টি, লাইফ সায়েন্স ৮টি, বাংলা ১টি, ইংরেজি ২টি, হিন্দি ২টি, রাষ্ট্রবিজ্ঞান ৩টি, ইতিহাস ২টি, ফিলোজফি ১টি, সোশিওলজি ১টি, ইনস্টিটিউট অব হেল্‌থ সায়েন্সেস ৩টি। নিয়মানুসারে তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বেতনক্রম:** ১,৪৪,২০০-২,১৮,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://presiuniv.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১ জুলাই।

শিক্ষাগত যোগ্যতা সহ খুঁটিনাটি বিষয় জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. রাডার কে আবিষ্কার করেন?
(a) অস্টিন (b) ফ্লেমিং (c) রবার্ট ওয়াটসন (d) বুশ ওয়াল
2. কবীর পুরস্কার কোন ক্ষেত্রে দেওয়া হয়?
(a) হিন্দি সাহিত্য (b) সাম্প্রদায়িক সম্প্রীতির প্রচার (c) সাংস্কৃতিক উন্নয়ন (d) ভাস্কর্য
3. কীটনাশক হিসেবে নিম্নলিখিত কোন রাসায়নিক ব্যবহার করা হয়?
(a) মিথাইল স্যালিসাইলেট (b) আইডোফর্ম (c) আলফা বেনজিন হেক্সাক্লোরাইড (d) টি এন টি
4. ভিটামিন বি-3-র অভাবে কোন রোগ হয়?
(a) পেলেগ্রা (b) রাতকানা (c) বেরিবেরি (d) রিকেট
5. ভারতীয় সংবিধানের কেন্দ্রীয় তালিকায় ক'টি বিষয় আছে?
(a) 99 (b) 100 (c) 76 (d) 78
6. ভারত সরকারের প্রথম আইন আধিকারিক কে?
(a) অ্যাটর্নি জেনারেল (b) আইনমন্ত্রী (c) অডিটর জেনারেল (d) ভারতের মুখ্য বিচারপতি
7. সিঞ্চল বন্যপ্রাণী সংরক্ষণ কেন্দ্র কোন জেলায় অবস্থিত?
(a) আলিপুরদুয়ার (b) নদিয়া (c) দার্জিলিং (d) দক্ষিণ ২৪ পরগনা
8. নীচের কোন গভর্নর জেনারেল টিপু সুলতানের বিরুদ্ধে ত্রিশক্তি জোট গঠন করেছিলেন?
(a) লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক (b) লর্ড কর্নওয়ালিস (c) লর্ড ওয়েলেসলি (d) ওয়ারেন হেস্টিংস
9. কাণ্ব বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) বাসুদেব (b) দেবভূতি (c) ভূমিমিত্র (d) বসুমিত্র
10. লাল মৃত্তিকার লাল রঙের কারণ কী?
(a) লৌহ যৌগ (b) কাদামাটি (c) অ্যালুমিনিয়াম যৌগ (d) পারদের যৌগ
11. নীচের কোন যৌগের অভাবের কারণে স্নায়ুতন্ত্রের কার্যক্রম ব্যাহত হয়?
(a) কার্বন (b) সোডিয়াম (c) সালফার (d) অক্সিজেন
12. নীচের কোনটি মানব শরীরের পায়ের একটি হাড় নয়?
(a) ফিবুলা (b) ফিমার (c) রেডিয়াম (d) টিবিয়া
13. ষোড়শ মহাজনপদের মধ্যে কতগুলি গঙ্গা নদীর উপত্যকায় অবস্থিত ছিল?
(a) 9 (b) 11 (c) 8 (d) 10
14. কলকাতা ও দিল্লি নিম্নলিখিত কোন জাতীয় সড়ক দ্বারা সংযুক্ত?
(a) জাতীয় সড়ক-1 (b) জাতীয় সড়ক-2 (c) জাতীয় সড়ক-9 (d) জাতীয় সড়ক-6
15. বিশ্ব পারকিনসন্স দিবস প্রতি বছর কোন দিনটিতে পালিত হয়?
(a) এপ্রিল 9 (b) এপ্রিল 11 (c) এপ্রিল 12 (d) এপ্রিল 10
16. ভারতের বেতন পলিসি নীচের কোনটির উপর ভিত্তি করে গঠিত?
(a) উৎপাদনশীলতা (b) জীবনযাত্রার মান (c) জীবনযাত্রার খরচ (d) কোনওটিই নয়
17. ভারতবর্ষে অর্থনৈতিক পরিকল্পনা চালু করার প্রথম পদক্ষেপ কে নিয়েছিলেন?
(a) এম বিশ্বেশ্বরাইয়া (b) জওহরলাল নেহরু (c) বল্লভভাই প্যাটেল (d) বলবন্ত রাই মেহতা
18. শিমসা জলবিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
(a) কেরল (b) তামিলনাড়ু (c) অন্ধ্রপ্রদেশ (d) কর্নাটক
19. খারু জনগোষ্ঠী কোথায় দেখা যায়?
(a) ছোটনাগপুর মালভূমি অঞ্চল (b) আরাবল্লী পাহাড় (c) পশ্চিমঘাট পাহাড় (d) তরাই অঞ্চল
20. নীচের কোন নদীটি বঙ্গোপসাগরে পড়েনি?
(a) কাবেরী (b) তাপ্তি (c) গোদাবরী (d) মহানদী
21. নীচের কোন জায়গায় লৌহ ইস্পাত শিল্প গড়ে ওঠেনি?
(a) দুর্গাপুর (b) ভিলাই (c) ঝরিয়া (d) জামশেদপুর
22. নীচে কোনটির শরীরে রক্ত নেই কিন্তু শ্বাসকার্য চলে?
(a) হাইড্রা (b) ক্যাঙ্গারু (c) শামুক (d) আরশোলা
23. কারবোরান্ডাম নীচের কোনটির যৌগ?
(a) সিলিকন (b) ক্যালসিয়াম (c) সালফার (d) জার্মেনিয়াম
24. নীচের কোনটি বংশগত রোগ?
(a) পেলেগ্রা (b) অস্টিওপোরেসিস (c) হিমোফিলিয়া (d) চোখের ছানি
25. নীচের কোনটি গ্রন্থি নয়?
(a) অগ্ন্যাশয় (b) পাকস্থলী (c) যকৃত (d) অ্যাড্রেনাল
26. বায়োপ্লাস্টিক প্রধানত তৈরি হয়:
(a) ছত্রাক থেকে (b) ব্যাক্টেরিয়া থেকে (c) প্রোটোজোয়া থেকে (d) অ্যালগি থেকে
27. নীচের কোন বইটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা?
(a) আনন্দমঠ (b) দুর্গেশনন্দিনী (c) চিদম্বরা (d) রক্তকরবী
28. কত দিনের জন্য রাজ্যসভা অর্থবিল প্রত্যাহার করে নিতে পারে?
(a) 6 মাস (b) 14 দিন (c) 3 মাস (d) কোনওটাই নয়
29. জরুরি অবস্থা ঘোষণা হলে ভারতীয় সংবিধানের কোন ধারাটি আপনা আপনি স্থগিত হয়ে যায়?
(a) ধারা 22 (b) ধারা 32 (c) ধারা 14 (d) ধারা 19
30. পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হতে গেলে ন্যূনতম বয়স কত হতে হবে?
(a) 30 বছর (b) 25 বছর (c) 21 বছর (d) 18 বছর
31. 'টাইম মেশিন' বইটি কার লেখা?
(a) আর এল স্টিভেনসন (b) এইচ জি ওয়েলস (c) লিও টলস্টয় (d) অ্যাডাম স্মিথ
32. 'চেরি অরচার্ড' বইটি কার লেখা?
(a) অ্যান্টন চেকভ (b) হেনরি মিলার (c) অ্যাডাম স্মিথ (d) জর্জ অরওয়েল
33. জাতীয় টিকাকরণ দিবস কবে পালিত হয়?
(a) 14 মার্চ (b) 16 মার্চ (c) 18 মার্চ (d) 20 মার্চ
34. আন্তর্জাতিক ব্যাঘ্র দিবস কবে পালিত হয়?
(a) 17 জুলাই (b) 29 জুলাই (c) 23 জুলাই (d) 18 জুলাই
35. আমাদের দেশে বৈদেশিক মুদ্রার তহবিল রক্ষাকারী কে?
(a) অর্থ মন্ত্রক, ভারত সরকার (b) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
36. ভারতের জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে পূর্ণ স্বরাজ প্রস্তাবটি গৃহীত হয়েছিল?
(a) লাহোর (b) লখনউ (c) হরিপুরা (d) আমেদাবাদ
37. জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?
(a) লর্ড ডাফরিন (b) লর্ড কার্জন (c) লর্ড ক্যানিং (d) লর্ড লরেন্স
38. প্রোটিন শনাক্তকরণ পরীক্ষা হল:
(a) ডি এন পি পরীক্ষা (b) বেনেডিক্টের পরীক্ষা (c) বিউরেট পরীক্ষা (d) মলিশের পরীক্ষা
39. কোন অ্যাসিডকে রসায়নের রাজা বলা হয়?
(a) হাইড্রোক্লোরিক অ্যাসিড (b) সালফিউরিক অ্যাসিড (c) ফসফরিক অ্যাসিড (d) নাইট্রিক অ্যাসিড
40. কোন প্রাচীন গ্রন্থে বর্ণ ব্যবস্থার প্রথম উল্লেখ পাওয়া যায়?
(a) ঋগ্বেদ (b) মনু সংহিতা (c) শতপথ ব্রাহ্মণ (d) অথর্ব বেদ
41. ভারত ও বাংলাদেশের মধ্যে গঙ্গাজল চুক্তি সম্পাদিত হয়েছিল কত সালে?
(a) 1996 সালে (b) 1995 সালে (c) 1997 সালে (d) 1994 সালে
42. ক্লোরিন গ্যাসের বর্ণ কেমন হয়?
(a) লাল (b) বাদামি (c) সবুজাভ হলুদ (d) উজ্জ্বল হলুদ
43. একটি বস্তু অনুভূমিক তলে সম দ্রুতিতে করলে তবে বস্তুটি চলার সময় নীচের কোন রাশিটি থাকবে না?
(a) ত্বরণ (b) গতিশক্তি (c) বেগ (d) ভরবেগ
44. রাজস্ব-সংক্রান্ত নীতি নির্দেশ করে:
(a) সরকারি আয় ও ব্যয়-সংক্রান্ত নীতি (b) কৃষির রাসায়নিক সার-সংক্রান্ত নীতি (c) গ্রামীণ ঋণ নীতি (d) সুদ-সংক্রান্ত নীতি
45. মিনার্ভা মিলস মামলার রায় অনুযায়ী ভারতীয় সংবিধানে কীসের পরিবর্তন করা যাবে না?
(a) নাগরিকতা-সংক্রান্ত নিয়মাবলি (b) মৌলিক অধিকার-সংক্রান্ত বিষয় (c) মূল কাঠামো (d) নির্দেশমূলক নীতি
46. নীচের কোনটি একটি পলিস্যাকারাইড?
(a) মলটোজ (b) ল্যাকটোজ (c) গ্লাইকোজেন (d) গ্লুকোজ
47. পশ্চিমবঙ্গে কবে প্রথম রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছিল?
(a) 1968 (b) 1970 (c) 1967 (d) 1966
48. 'The Right of Men' বইটি কে লিখেছেন?
(a) অ্যারিস্টটল (b) জন লক (c) থমাস পাইন (d) প্লেটো
49. আঞ্চলিক নৃত্য হিকত কোন রাজ্যে পরিবেশিত হয়?
(a) মিজোরাম (b) কেরালা (c) মণিপুর (d) জম্মু ও কাশ্মীর
50. মীনাক্ষী মন্দির কোন রাজ্যে অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) মহারাষ্ট্র (c) কর্নাটক (d) মধ্যপ্রদেশ
51. Back to Vedas এই স্লোগান কে প্রবর্তন করেন?
(a) স্বামী দয়ানন্দ সরস্বতী (b) লালা লাজপত রাই (c) পণ্ডিত গুরু দত্ত (d) লালা হংসরাজ
52. নীচের কোন মৌলিক উপাদানটি উদ্ভিদের পুষ্টির জন্য অতি আবশ্যক এবং পুষ্টিতে অধিক পরিমাণে প্রয়োজন?
(a) অক্সিজেন (b) জিঙ্ক (c) কপার (d) বোরন
53. সেন্ট্রাল লেদার রিসার্চ ইনস্টিটিউট কোন রাজ্যে অবস্থিত?
(a) মণিপুর (b) আসাম (c) তামিলনাড়ু (d) কেরল
54. নীচের কোনটি সংবিধানের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত নয়?
(a) যথেষ্টভাবে জীবিকা অর্জনের অধিকার (b) শোষণের বিরুদ্ধে অধিকার (c) সাম্যের অধিকার (d) স্বাধীনতার অধিকার
55. ভারতের কোথায় প্রথম মিউনিসিপাল কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়?
(a) মুম্বাই (b) চেন্নাই (c) কলকাতা (d) দিল্লি
56. বিচার বিভাগীয় সমীক্ষা কোন রাষ্ট্রের অনুকরণে ভারতে গ্রহণ করা হয়েছে?
(a) চিন (b) ইংল্যান্ড (c) মার্কিন যুক্তরাষ্ট্র (d) রাশিয়া
57. কার্নালাইট কীসের রূপ?
(a) অক্সাইড (b) ক্লোরাইড (c) ফ্লুরাইড (d) সালফাইড
58. ইনসেলবার্জ কীসের দ্বারা গঠিত হয়?
(a) বায়ু (b) নদী (c) হিমবাহ (d) তরঙ্গক্ষয়
59. 'অ্যালিস ইন ওয়ান্ডারল্যান্ড' কার লেখা?
(a) লুইস ক্যারল (b) গুন্টার গ্রাস (c) লিও টলস্টয় (d) জর্জ বার্নার্ড শ

এরপর এগারোর পাতায়

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

52. 'রাষ্ট্রসংঘ দিবস' কবে পালিত হয়?
(a) 24 অক্টোবর (b) 25 অক্টোবর (c) 26 অক্টোবর (d) 27 অক্টোবর
53. মাইথন বাঁধ —— নদীর উপর অবস্থিত।
(a) ময়ূরাক্ষী (b) বরাকর (c) দামোদর (d) হুগলি
54. মালিক কাফুর কার সেনাপতি ছিলেন?
(a) বাবর (b) আকবর (c) শাহজাহান (d) আলাউদ্দিন খিলজি
55. কোন শিল্পে কাঁচামাল হিসাবে 'সুগারকেন ব্যাগাস' ব্যবহৃত হয়?
(a) বস্ত্রশিল্প (b) কাগজ শিল্প (c) আসবাব শিল্প (d) দেশলাই শিল্প
56. 'সাদা' কী ধরনের আলো?
(a) মৌলিক (b) যৌগিক (c) মিশ্রণ (d) কোনওটিই নয়
57. শব্দবাজি থেকে কত শব্দ নির্গত হয়?
(a) 100 ডেসিবেল (b) 150 ডেসিবেল বা তার বেশি (c) 150 ডেসিবেলের কম (d) 20 ডেসিবেল
58. একটি ভালোভাবে কাটা হিরেকে উজ্জ্বল দেখায়:
(a) তার কাঠিন্যের জন্য (b) উচ্চ প্রতিসারঙ্কের জন্য (c) হিরে দ্বারা আলো শোষনের জন্য (d) হিরে থেকে আলো বেরিয়ে যাওয়ার জন্য
59. হাইড্রোজেন সালফাইড বায়ুর চেয়ে:
(a) হালকা (b) ভারী (c) সমান ওজন (d) কোনওটিই নয়
60. বুনসেন শিখায় $H_2S$ কী রঙের শিখায় জ্বলে?
(a) নীল (b) সবুজ (c) কমলা (d) লাল
61. গ্যাসের উষ্ণতা ও ঘনত্বের মধ্যে সম্পর্ক হল:
(a) $D \propto T$ (b) $D \propto T^2$ (c) $D \propto \frac{1}{T}$ (d) $D \frac{1}{T^2}$
62. SI পদ্ধতিতে চাপের একক হল:
(a) নিউটন (b) ডাইন (c) পাস্কেল (d) ডাইন/সেমি
63. পলিটিন ক্রোমোজোমগুলি যে স্থানে যুক্ত থাকে সেটি হল:
(a) সেন্ট্রিওল (b) ক্রোমোমিয়ার (c) সেন্ট্রোমিয়ার (d) ক্রোমোসেন্টার
64. কোনটি প্রকৃত কোষ অঙ্গাণু নয়?
(a) লাইসোজোম (b) ক্লোরোপ্লাস্ট (c) মাইটোকন্ড্রিয়া (d) রাইবোজোম
65. তড়িৎযোজী যৌগগুলি তড়িৎ পরিবহন করে না:
(a) জলীয় দ্রবণে (b) গলিত অবস্থায় (c) কঠিন অবস্থায় (d) কোনওটিই নয়
66. মানবদেহে কতগুলি কশেরুকা দেখা যায়?
(a) 33 (b) 34 (c) 35 (d) 36
67. 'গান মেটাল' তৈরি করতে কত শতাংশ জিঙ্ক লাগে?
(a) 10% (b) 8% (c) 6% (d) 5%
68. সিগারেট লাইটারে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) বিউটেন (b) মিথেন (c) ইথেন (d) প্রোপেন
69. X রশ্মির আবিষ্কর্তা কে?
(a) রন্টজেন (b) আইনস্টাইন (c) প্লাঙ্ক (d) থমসন
70. 'যোগ্যতমের উদবর্তন' কথাটি কে ব্যবহার করেছিলেন?
(a) লুই পাস্তুর (b) মরগ্যান (c) ডারউইন (d) ওপারিন
71. অঙ্কুরিত বার্লি বীজ ব্যবহৃত হয় কোনটি প্রস্তুত করতে?
(a) বিয়ার (b) পনির (c) দই (d) ল্যাকটিক অ্যাসিড
72. হেপাটাইটিস-B এর অপর নাম কী?
(a) এপিডেমিক জন্ডিস (b) সিফিলিস (c) সেরাম জন্ডিস (d) টিটেনাস
73. 'বিশ্ব পরিবেশ দিবস' কোন দিনটিকে পালন করা হয়?
(a) 4 জুন (b) 5 জুন (c) 6 জুন (d) 7 জুন
74. কোন রেচন পদার্থটি সর্বাধিক বিষাক্ত?
(a) কার্বন ডাই অক্সাইড (b) অ্যামোনিয়া (c) ইউরিয়া (d) অ্যামাইনো অ্যাসিড
75. নীচের কোনটির মধ্যে বদ্ধসংবহনতন্ত্র দেখা যায়?
(a) হাতি (b) শুশুক (c) কেঁচো (d) অক্টোপাস

### উত্তর

52(a), 53(b), 54(d), 55(b), 56(b), 57(b), 58(b), 59(b), 60(a), 61(c). 62(c), 63(d), 64(d), 65(c), 66(a), 67(d), 68(a), 69(a), 70(c), 71(a), 72(c), 73(b), 74(b), 75(c).

### সমাধান

1(d): CHOLARA শব্দটি গঠিত হতে না কারণ মূল শব্দে একটি মাত্র A আছে।
2(b): ×, +
3(c): A, B ও D -এর ক্ষেত্রে প্রতিটি জিনিসের সোজা ও বিপরীত-এর কথা বলা হয়েছে।
4(a): $16 \times 15 - 2 = 238$, $12 \times 15 - 2 = 178$, $14 \times 16 - 2 = 222$.
5(a): $M \xrightarrow{+2} O \xrightarrow{+2} Q \xrightarrow{+2} S \xrightarrow{+2} U$
$A \xrightarrow{+3} D \xrightarrow{+3} G \xrightarrow{+3} J \xrightarrow{+3} M$
$N \xrightarrow{+4} R \xrightarrow{+4} V \xrightarrow{+4} Z \xrightarrow{+4} D$
7(b): $B \xrightarrow{+3} E$, $A \xrightarrow{+3} D$, $O \xrightarrow{+3} R$ কিন্তু $S \xrightarrow{+2} U$
8(d): এখানে, Item-Class সম্পর্কের ওপর ভিত্তি করে বলা হয়েছে।
9(c): শ্রেণীটি হল: $5 \xrightarrow{\times 2+1} 11 \xrightarrow{\times 2+2} 24 \xrightarrow{\times 2+3} 51 \xrightarrow{\times 2+4} 106 \xrightarrow{\times 2+5} 217$.

এরপর এগারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

60. পাখুই বন্যপ্রাণী সংরক্ষণ কেন্দ্র কোন রাজ্যে অবস্থিত?
(a) নাগাল্যান্ড (b) অরুণাচল প্রদেশ (c) মণিপুর (d) মেঘালয়

61. ফিউজ তারের:
(a) রোধ ও গলনাঙ্ক উভয়ই বেশি (b) রোধ বেশি ও গলনাঙ্ক কম (c) রোধ কম ও গলনাঙ্ক বেশি (d) রোধ ও গলনাঙ্ক উভয়ই কম

62. ভারতের এক্সিম ব্যাঙ্ক কাজ করে:
(a) ভারতের সংসদ সদস্যদের জন্য (b) ভারতের আমদানি রপ্তানির জন্য (c) ভারতের শিল্প শ্রমিকদের জন্য (d) ভারতের চাষিদের জন্য

63. ফ্লুরিন পরমাণুর সর্ববহিঃস্থ কক্ষে ইলেক্ট্রন থাকে:
(a) 4 (b) 8 (c) 6 (d) 7

64. কোন সাংবাদিক সর্বতোভাবে নীল বিদ্রোহকে সমর্থন করেছিলেন?
(a) বিপিনচন্দ্র পাল (b) শিশিরকুমার ঘোষ (c) হরিশ মুখার্জি (d) বারীন্দ্র ঘোষ

65. সমাজের কোন শ্রেণীর মানুষরা নিরন্তন মুদ্রাস্ফীতিজনিত মূল্য বৃদ্ধির জন্য সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হন?
(a) স্থির আয়কারি মানুষজন (b) ব্যবসা-বাণিজ্য পরিচালনায় যুক্ত মানুষজন (c) বিনিয়োগকারী শ্রেণী (d) স্বনির্ভর গোষ্ঠীর মানুষজন

66. ইশাঙ্ক সিং, যিনি সম্প্রতি সর্বকনিষ্ঠ সাঁতারু হিসেবে পক প্রণালী অতিক্রম করেছেন, তিনি কোন রাজ্যের?
(a) ওড়িশা (b) ঝাড়খণ্ড (c) বিহার (d) মহারাষ্ট্র

67. কোন শহর ভারতের প্রথম মুক্তা চাষ ক্ষেত্র হিসেবে গড়ে উঠেছে?
(a) বারাণসী (b) ভোপাল (c) হাজারিবাগ (d) হায়দ্রাবাদ

68. সম্প্রতি কোথায় ন্যাশনাল সিকিউরিটি সামিট 2.0 অনুষ্ঠিত হল?
(a) হায়দ্রাবাদ (b) নিউ দিল্লি (c) বেঙ্গালুরু (d) চেন্নাই

69. চতুর্থ ভারত আফ্রিকা ফোরাম সামিট 2026 আয়োজক শহর কোনটি?
(a) চেন্নাই (b) মুম্বাই (c) হায়দ্রাবাদ (d) নয়া দিল্লি

70. সাউথ এশিয়ান ওয়েট লিফটিং ফেডারেশনের প্রেসিডেন্ট পদে কে নবনিযুক্ত হয়েছেন?
(a) অজয় সিং (b) সহদেব যাদব (c) বিন্ধ্যারানী দেবী (d) মীরাবাঈ চানু

71. সম্প্রতি ভারতীয় সেনাবাহিনী দ্বারা সংঘটিত সামরিক মহড়া 'প্রগতি' 2026 কোথায় অনুষ্ঠিত হল?
(a) গুজরাট (b) মেঘালয় (c) মহারাষ্ট্র (d) ত্রিপুরা

72. সম্প্রতি এশীয় অনূর্ধ্ব 23 রেসলিং চ্যাম্পিয়নশিপ কোন রাজ্যে অনুষ্ঠিত হল?
(a) রাজস্থান (b) গুজরাট (c) ঝাড়খণ্ড (d) ওড়িশা

73. ভাসিনিয়াম পিলিফেরাম, ব্লুবেরির একটি বন্য এবং বিপন্ন প্রায় প্রজাতি সম্প্রতি কোথায় আবিষ্কৃত হয়েছে?
(a) মণিপুর (b) আসাম (c) সিকিম (d) অরুণাচল প্রদেশ

74. নিম্নলিখিত কোন লেখক তার বই 'তাইওয়ান ট্রাভেলস'-এর জন্য আন্তর্জাতিক বুকার প্রাইজ 2026 জিতেছেন?
(a) ইয়াং শুয়াং জি (b) হ্যান ক্যাং (c) নিকোলাস বগ (d) কেভিন ইয়াং

75. 'মাদার মেরি কামস টু মি' এই বইটি সম্প্রতি ন্যাশনাল বুক ক্রিটিক্স সার্কেল পুরস্কার ২০২৬ এ ভূষিত হয়েছে। বইটির লেখক কে?
(a) ঝুম্পা লাহিড়ী (b) অরুন্ধতী রায় (c) অনিতা দেশাই (d) অনুজা চৌহান

76. $(2.1)^2 \times \sqrt{0.0441} = ?$
(a) 92.61 (b) 92.51 (c) 0.9251 (d) 0.9261

77. যদি 5000 টাকা একটি নির্দিষ্ট সুদের হারে এক বছরে 5700 টাকা হয়, তবে ওই একই সুদের হারে 5 বছরে 7000 টাকা সুদে-আসলে কত?
(a) 12700 টাকা (b) 7700 টাকা (c) 11900 টাকা (d) 10500 টাকা

78. যদি $\frac{x}{2x^2+5x+2} = \frac{1}{6}$ হয় তবে $\left(x+\frac{1}{x}\right) = ?$
(a) $-2$ (b) 2 (c) $\frac{1}{2}$ (d) $-\frac{1}{2}$

79. $\operatorname{cosec}^2 18^\circ - \frac{1}{\cot^2 72^\circ} = ?$
(a) 1 (b) $\frac{1}{\sqrt{3}}$ (c) $\frac{\sqrt{2}}{3}$ (d) $\frac{1}{2}$

80. $[(125)^2 \div 50 \times 20] \div 25 = ?$
(a) 150 (b) 250 (c) 100 (d) 11

81. যদি $a+b+c=0$ হয়, তাহলে $\left(\frac{a^2}{bc}+\frac{b^2}{ca}+\frac{c^2}{ab}\right) = ?$
(a) 3 (b) 0 (c) $-1$ (d) 1

82. একটি ভগ্নাংশের লব ও হরের সমষ্টি 13। লবের সঙ্গে 4 এবং হরের সঙ্গে 10 যোগ করলে ভগ্নাংশটি $\frac{1}{2}$ হয়। ভগ্নাংশটি কত?
(a) $\frac{6}{7}$ (b) $\frac{4}{9}$ (c) $\frac{5}{8}$ (d) কোনওটিই নয়

83. 42573* সংখ্যাটিতে * চিহ্নিত স্থানে অঙ্কটি কী হবে যাতে সংখ্যাটি 72 দ্বারা বিভাজ্য হবে?
(a) 7 (b) 5 (c) 6 (d) 4

84. 6 মিটার লম্বা একটি গাছ 4 মিটার লম্বা একটি ছায়া ফেলে। একই সময়ে একটি ফ্ল্যাগ পোস্ট 50 মিটার লম্বা ছায়া ফেলে। ফ্ল্যাগ পোস্টটি কতটা লম্বা?
(a) 75 মিটার (b) 50 মিটার (c) $33\frac{1}{3}$ মিটার (d) কোনওটাই নয়

85. 91 টাকা A, B, C-র মধ্যে এমনভাবে ভাগ করা হল, যাতে A যা পায় B তার থেকে 5 টাকা বেশি এবং C, B-র প্রাপ্ত টাকার দ্বিগুণের থেকে 12 টাকা বেশি পায়। তাদের প্রাপ্ত টাকার অনুপাত কত?
(a) 16 : 23 : 58 (b) 22 : 33 : 64 (c) 10 : 12 : 24 (d) 47 : 37 : 98

86. একটি নিরেট গোলকের আয়তন এর সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফলের সমান। তবে নিরেট গোলকের ব্যাসার্ধ কত?
(a) 9 একক (b) 3 একক (c) $1\frac{1}{2}$ একক (d) $4\frac{1}{2}$ একক

87. দু'টি সংখ্যার গুণফল 1320 এবং তাদের গ.সা.গু 6। সংখ্যাদু'টির ল.সা.গু কত?
(a) 7920 (b) 220 (c) 1314 (d) 1326

88. একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য খুঁটির উচ্চতার $\sqrt{3}$ গুণ। সূর্যের উন্নতি কোণ কত?
(a) 75° (b) 30° (c) 45° (d) 60°

89. একটি ক্লাসে ছেলে ও মেয়ের অনুপাত 4 : 5, যদি আরও 10 জন ছেলে যোগদান করে তাহলে ছেলে ও মেয়ের অনুপাত হয় 6 : 5। ক্লাসে মেয়ের সংখ্যা কত?
(a) 30 (b) 20 (c) 25 (d) 40

90. একটি ত্রিভুজ ABC-র মধ্যমা CD ও BE একে অপরকে ছেদ করে O বিন্দুতে। তবে ΔODE এবং ΔABC-র ক্ষেত্রফলের অনুপাত কত?
(a) 12 : 1 (b) 1 : 6 (c) 1 : 12 (d) 6 : 1

91. তিনটি পরপর ছাড় 10%, 12% ও 5%-এর তুল্য একক ছাড় কত হবে?
(a) 9% (b) 11% (c) 24.76% (d) 26.27%

92. $1+\frac{4}{2+\frac{3}{5-\frac{1}{2}}}-\frac{1}{2}$
(a) $-\frac{15}{2}$ (b) $\frac{1}{2}$ (c) 0 (d) 2

93. 8 টাকা/কিলোগ্রাম এবং 12 টাকা/কিলোগ্রাম দরের নুন মিশিয়ে 100 কিলোগ্রাম মিশ্রিত নুন তৈরি করলে প্রতি কিলোগ্রামের ক্রয়মূল্য 10 টাকা হল, দু'প্রকার নুনের কত কিলোগ্রাম করে মেশানো হল?
(a) 52 কিলোগ্রাম (b) 49 কিলোগ্রাম (c) 50 কিলোগ্রাম (d) 51 কিলোগ্রাম

94. একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের পরিসীমা $2\sqrt{2}\left(\sqrt{2}+1\right)$ সেমি হলে তার ক্ষেত্রফল নির্ণয় করুন:
(a) 4 বর্গসেমি (b) 3 বর্গসেমি (c) 2 বর্গসেমি (d) 5 বর্গসেমি

95. পাঁচজন সাঁতারুর স্থির জলে গতি 9 কিমি/ঘণ্টা হলে স্রোতের অনুকূলে সাঁতারুর গতি কত যখন নদীর স্রোতের গতি 6 কিমি/ঘণ্টা?
(a) 12 কিমি/ঘণ্টা (b) 15 কিমি/ঘণ্টা (c) 18 কিমি/ঘণ্টা (d) 3 কিমি/ঘণ্টা

96. একটি নল কোনও চৌবাচ্চার $\frac{3}{7}$ অংশ পূর্ণ করে 36 মিনিটে। কত মিনিটে চৌবাচ্চাটির $\frac{5}{12}$ অংশ পূর্ণ হবে?
(a) 38 মিনিটে (b) 35 মিনিটে (c) 34 মিনিটে (d) 30 মিনিটে

97. $(4x-3y) : (2x+3y) = 1 : 3$ হলে x : y = কত?
(a) 14 : 7 (b) 6 : 5 (c) 8 : 4 (d) 3 : 2

98. একটি অফিসে অফিসার ও কর্মীদের সকলের বেতনের গড় 8000 টাকা। 12 জন অফিসারের গড় বেতন 12000 টাকা এবং বাকী কর্মীদের গড় বেতন 5000 টাকা। ওই অফিসে কর্মী সংখ্যা কত?
(a) 28 (b) 16 (c) 12 (d) 10

#### উত্তর

1(c), 2(b), 3(c), 4(a), 5(c), 6(a), 7(c), 8(b), 9(a), 10(a), 11(b), 12(c), 13(d), 14(b), 15(b), 16(c), 17(a), 18(d), 19(d), 20(b), 21(c), 22(a), 23(a), 24(c), 25(b), 26(b), 27(d), 28(b), 29(d), 30(c), 31(b), 32(a), 33(b), 34(b), 35(b), 36(a), 37(a), 38(c), 39(b), 40(a), 41(a), 42(c), 43(a), 44(a), 45(c), 46(c), 47(a), 48(c), 49(d), 50(a), 51(a), 52(a), 53(c), 54(a), 55(b), 56(c), 57(b), 58(a), 59(a), 60(b), 61(b), 62(b), 63(d), 64(c), 65(a), 66(b), 67(d), 68(b), 69(d), 70(b), 71(b), 72(a), 73(d), 74(a), 75(b), 76(d), 77(c), 78(c), 79(a), 80(b), 81(a), 82(c), 83(c), 84(a), 85(d), 86(d), 87(b), 88(b), 89(c), 90(c), 91(c), 92(c), 93(c), 94(c), 95(b), 96(b), 97(b), 98(a).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

11(b): $A \xrightarrow{+2} C \xrightarrow{+2} E \xrightarrow{+2} G \xrightarrow{+2} I$
$D \xrightarrow{+1} E \xrightarrow{+1} F \xrightarrow{+1} G \xrightarrow{+1} H$

12(b): $A \xrightarrow{+3} D \xrightarrow{+5} I \xrightarrow{+7} P \xrightarrow{+9} Y$
$Z \xrightarrow{-1} Y \xrightarrow{-1} X \xrightarrow{-1} W \xrightarrow{-1} V$

13(d): 7 + 3 = 10, 10 + 4 = 14, 14 + 5 = 19, 19 + 6 = 25, 25 + 7 = 32.

14(a): 1 + 2 = 3, 3 + 3 = 6, 6 + 4 = 10, 10 + 5 = 15
7 + 2 = 9, 9 + 3 = 12, 12 + 4 = 16, 16 + 5 = 21.

15(c): প্রথম চিত্রটিতে 3 × 2 = 6, 3 × 6 = 18, 3 × 24 = 72
দ্বিতীয় চিত্রটিতে 5 × 2 = 10, 5 × 6 = 30, 5 × 24 = 120
তৃতীয় চিত্রটিতে 7 × 2 = 14, 7 × 6 = 42, 7 × 24 = 168.

16(a): $\Rightarrow ? = 78 \times 13 \div 6 + 7 - 23 \Rightarrow ? = 78 \times \frac{13}{6} + 7 - 23.$
$\Rightarrow ? = 13 \times 13 + 7 - 23 \Rightarrow ? = 169 + 7 - 23 \Rightarrow ? = 176 - 23 = 153.$

17(d): 1 + 3 = 4, 4 + 7 = 11(3 + 4 = 7)
11 + 13 = 24 (7 + 6 = 13), 24 + 21 = 45 (13 + 8 = 21)
45 + 31 = 76 (21 + 10 = 31).

18(b): $2 \xrightarrow{\times 2+1} 7 \xrightarrow{\times 2+1} 15 \xrightarrow{\times 2+1} 31 \xrightarrow{\times 2+1} 63 \xrightarrow{\times 2+1} 127 \xrightarrow{\times 2+1} 255 \xrightarrow{\times 2+1} 511.$
সঠিক সংখ্যাটি = 15 × 2 + 1 = 30 + 1 = 31, ভুল সংখ্যাটি = 39.

19(c): $46080 \xrightarrow{\div 12} 3840 \xrightarrow{\div 10} 384 \xrightarrow{\div 8} 48 \xrightarrow{\div 6} 8 \xrightarrow{\div 4} 2 \xrightarrow{\div 2} 1.$

20(a): $1 \xrightarrow{\times 1} 1 \xrightarrow{\times 2} 2 \xrightarrow{\times 3} 6 \xrightarrow{\times 4} 24 \xrightarrow{\times 5} 120.$

21(b): 192 − 6 = 186, 186 − 6 = 180, 180 − 6 = 174, 174 − 6 = 168, 168 − 6 = 162.

22(c): 9 + 4 = 13, 13 + 5 = 18, 18 + 6 = 24, 24 + 7 = 31, 31 + 8 = 39.

23(b): 37 + 31 − 1 > 68 − 1 > 67.

25(d): P R A N K একইভাবে, R A T E S
↓+2 ↓+3 ↓+4 ↓+5 ↓+6 ↓+2 ↓+3 ↓+4 ↓+5 ↓+6
R U E S Q T D X J Y

26(b): $\sqrt{\frac{1}{100}}+\sqrt{\frac{81}{100}}+\sqrt{\frac{121}{100}}+\sqrt{\frac{9}{10000}}$
$=\frac{1}{10}+\frac{9}{10}+\frac{11}{10}+\frac{3}{100} = 0.1 + 0.9 + 1.1 + 0.03 = 2.13.$

27(b): $x + y = 2a = a + a \Rightarrow x - a = a - y$
$\therefore \frac{a}{x-a}+\frac{a}{y-a} = \frac{a}{x-a}-\frac{a}{a-y} = \frac{a}{x-a}-\frac{a}{x-a} = 0.$

28(a): ধরা যাক, $\sqrt[4]{10000} = (100)^x$
$\therefore (10^4)^{1/4} = (10^2)^x \Rightarrow 10^{(4 \times 1/4)} = 10^{2x}$
$\Rightarrow 10^1 = 10^{2x} \Rightarrow 2x = 1 \Rightarrow x = \frac{1}{2}.$

29(c): প্রশ্নানুযায়ী, 4a = 20 ⇒ a = 5
বর্গক্ষেত্রের আয়তন = $a^2 = 5^2 = 25$ বর্গমিটার।

30(a): 20 মিটার/সেকেন্ড = $20 \times \frac{18}{5} = 72$ কিমি/ঘণ্টা।

31(a): এখানে $a^2 + b^2 = 233$ (a > b), ab = 104
$(a-b)^2 = a^2 + b^2 - 2ab = 233 - 2 \times 104 = 233 - 208 = 25$
$\therefore (a-b) = 5.$

32(c): $\frac{x}{21} \times \frac{x}{189} = 1 \Rightarrow x^2 = 21 \times 189 = 7 \times 3 \times 3 \times 3 \times 3 \times 7$
$x = 7 \times 3 \times 3 = 63.$

33(a): যদি $\frac{x}{y} = \frac{1}{3} \Rightarrow y = 3x$
এখন, $\frac{x^2+y^2}{x^2-y^2} = \frac{x^2+(3x)^2}{x^2-(3x)^2} = \frac{x^2+9x^2}{x^2-9x^2} = \frac{10x^2}{-8x^2} = \frac{-10}{8} = \frac{-5}{4}.$

34(d): $\frac{x}{3}+\frac{3}{x} = 1 \Rightarrow \frac{x^2+9}{3x} = 1 \Rightarrow x^2 + 9 = 3x$
$\Rightarrow x^2 - 3x + 9 = 0 \therefore x^3 + 3^3 = (x+3)(x^2 - 3x + 9) = 0 \Rightarrow x^3 = -27.$

35(a): রম্বসের আয়তন = $\frac{1}{2} d_1 d_2 = \frac{1}{2} \times 45 \times 30$
বর্গসেমি = 675 বর্গসেমি।

36(a):

| | | | |
|---|---|---|---|
| 2 | 24 | 36 | 40 |
| 2 | 12 | 18 | 20 |
| 2 | 6 | 9 | 10 |
| 3 | 3 | 9 | 5 |
| | 1 | 3 | 5 |

ল.সা.গু = 2 × 2 × 2 × 3 × 3 × 5 = 360.

37(c): ধরা যাক, অন্য সংখ্যাটি z
তাহলে, x ও z-এর গড় হবে = $\frac{x+z}{2} \Rightarrow \frac{x+z}{2} = xy \Rightarrow z = (2xy - x).$

38(c): $? = 444 \times \frac{3}{5} \times \frac{4}{9} \times \frac{5}{8} = 74.$

39(b): ধরা যাক, x% = 0.02 $\therefore \frac{x}{100} = 0.02 \Rightarrow x = 2.$

40(c): 6, 7, 8, 9, 12-এর ল.সা.গু = 504
∴ নির্ণেয় সংখ্যাটি 504 + 3 = 507.

41(b): $8^3 \times 8^2 \times 8^{-5} = 8^{(3+2-5)} = 8^0 = 1.$

42(c): গড় গতিবেগ = $\left(\frac{2xy}{x+y}\right)$ কিমি/ঘণ্টা = $\frac{2 \times 6 \times 10}{16} = \frac{15}{2}$
= 7.5 কিমি/ঘণ্টা।

43(c): $\sqrt{4^n} = 1024 = 4^5 \Rightarrow 4^n = (4^5)^2 \Rightarrow 4^n = 4^{10} \Rightarrow n = 10.$

44(d): আমরা জানি যে, একটি সংখ্যা × অপর সংখ্যা = সংখ্যাদু'টির ল.সা.গু × গ.সা.গু ⇒ 64 × অপর সংখ্যা = 2 × 576
⇒ অপর সংখ্যা = $\frac{2 \times 576}{64} = 18$ ∴ অপর সংখ্যাটি = 18.

45(b): $\frac{5x-3}{2x} = \frac{8}{9} \Rightarrow 9(5x-3) = 16x$
$\Rightarrow 45x - 27 = 16x \Rightarrow 29x = 27 \Rightarrow x = \frac{27}{29}.$

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# গ্রাম পঞ্চায়েতে শীঘ্রই ১১০০০ চাকরি

প্রথম পাতার পর

**লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট:** শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ, সঙ্গে কম্পিউটারে টাইপ করতে জানতে হবে। **গ্রুপ ডি:** শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেণি পাশ। **ডেটা এন্ট্রি অপারেটর:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা বাংলায় প্রতি মিনিটে ২০টি শব্দ টাইপ করতে পারা চাই। এর পাশাপাশি কম্পিউটারে তিন মাসের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটারে প্রতি ঘণ্টায় অন্তত ৬০০০ কী ডিপ্রেশনের গতি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ। **অ্যাডিশনাল অ্যাকাউন্ট্যান্ট:** শিক্ষাগত যোগ্যতা: কমার্সে স্নাতক। **পঞ্চায়েত সমিতি পিওন:** শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেণি পাশ। বাংলা বা নেপালি ভাষা লিখতে ও পড়তে জানতে হবে। **ক্লার্ক-কাম-টাইপিস্ট:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা বাংলায় প্রতি মিনিটে ২০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **ব্লক ইনফর্মেটিক্স অফিসার:** শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অ্যাপ্লিকেশনে ব্যাচেলর্স ডিগ্রি বা অনার্স-সহ কম্পিউটার সায়েন্সে ব্যাচেলর্স ডিগ্রি। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ডোয়েক এ-লেভেল কোর্স পাশ। **অ্যাকাউন্টস ক্লার্ক:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিপ্লোমা কোর্স পাশ প্রার্থীদের অগ্রাধিকার। **সেক্রেটারি:** উচ্চ মাধ্যমিক পাশ। অন্তত ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে থাকলে অগ্রাধিকার। **সহায়ক:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ। অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকলে অগ্রাধিকার। **নির্মাণ সহায়ক:** শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। **গ্রাম পঞ্চায়েত কর্মী:** শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেণি পাশ। **এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট:** শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিপ্লোমা কোর্স পাশ। সোশ্যাল ওয়ার্ক বা রুর‌্যাল ডেভেলপমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা পাশ করে থাকলে ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ওবিসি, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

নিয়োগ-সংক্রান্ত বিশদ বিজ্ঞপ্তি বেরলে তা অবশ্যই 'কর্মক্ষেত্র'-য় জানানো হবে। আপাতত পোর্টালে প্রোফাইল তৈরি ও রেজিস্ট্রেশন করে রাখতে পারেন। আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: https://wbprms.in

# সরকারি গবেষণাগারে ১৭৯

প্রথম পাতার পর

অফিসার: ফার্মাকোলজি: ১টি, ফার্মাকোগনসি/বটানি: ২টি। স্টাফ নার্স: ৭টি। অ্যাকাউন্টস অফিসার: ১টি। রিসার্চ অ্যাসিস্ট্যান্ট: কেমিস্ট্রি ২টি, বটানি ৩টি। ইনভেস্টিগেটর (স্ট্যাটিস্টিক্স): ৩টি। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট: ১২টি। লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট: ৩টি। প্রুফ রিডার: ১টি।

গ্রুপ সি: হিন্দি অ্যাসিস্ট্যান্ট ২টি। ফার্মাসিস্ট ৬টি। সোশ্যাল ওয়ার্কার ২টি। রেডিয়োগ্রাফার ১টি। কম্পাউন্ডার ৩টি। স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি ৭টি। আপার ডিভিশন ক্লার্ক ৩১টি। লোয়ার ডিভিশন ক্লার্ক ২৬টি। স্টাফ কার ড্রাইভার ৪টি। মাল্টি টাস্কিং স্টাফ ৪৩টি।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন কম্পিউটারভিত্তিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারভিউ ও স্কিল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ccrum.res.in দরখাস্ত করা যাবে ১ জুলাই থেকে ৩১ জুলাই পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

FACULTY RECRUITMENT | WALK-IN INTERVIEW

THE ASSAM ROYAL GLOBAL UNIVERSITY — GUWAHATI — rgu.ac

DEPARTMENT OF COMPUTER SCIENCE & ENGINEERING

INVITING APPLICATIONS FOR

PROFESSOR | ASSOCIATE PROFESSOR | ASSISTANT PROFESSOR

ELIGIBILITY : As per UGC / AICTE Norms

WHY JOIN RGU?

- Research-Oriented Academic Environment
- Industry Collaborations & Innovation Ecosystem
- Modern Infrastructure & Advanced Laboratories
- Attractive Compensation for Deserving Candidates

Interview Venue: Heritage Institute of Technology, Kolkata | Date: 20th June 2026 | Time: 10.00 AM – 1.00 PM

Interested candidates may also share their updated CVs at: walkininterview@rgu.ac latest by 17th June 2026.

# বিলাসপুর এইমসে অধ্যাপক

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর পদে ৭৫ জনকে নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। নিয়োগ করা হবে বিলাসপুর ক্যাম্পাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS-BLS(B-I) (2) (5) (Vol-VI)/ 25-399. **শূন্যপদের বিবরণ:** প্রফেসর ২০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭)। অ্যাসোসিয়েট প্রফেসর ২টি (সাধারণ)। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ২৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৩)। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (চুক্তিভিত্তিক) ২৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ওবিসি ১৩)। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.aiimsbilaspur.edu.in দরখাস্তের শেষ তারিখ ২০ জুন। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট ২৫ জুনের মধ্যে পৌঁছতে হবে।

সহকর্মী প্রয়োজন

কথোপকথন প্রোডাকশনস্ ও কথোপকথন বুকক্যাফের জন্য।

স্নাতক, বয়স ১৮+। বইপ্রেমীদের অগ্রাধিকার।

আগ্রহীরা বায়োডাটা পাঠান/যোগাযোগ করুন।

9062504394 / 8017218394

kathopakathan.contact@gmail.com

JAYPEE INSTITUTE OF INFORMATION TECHNOLOGY (Deemed to be University)

A-10, Sector 62, Noida, Gautam Buddha Nagar-201 309 (U.P.)

AICTE Approved | UGC Approved | NAAC and NBA Accredited | NIRF Ranked

25 YEARS OF LEGACY

FROM CAMPUS TO A GLOBAL FORCE.

POWERED BY ALUMNI

DRIVEN BY IMPACT



20000+ ALUMNI NETWORK | 2000+ OUTSIDE INDIA | 50+ AI ENTREPRENEURS

FORBES 30 UNDER 30 — 5 ALUMNI IN THE LAST 5 YEARS



Arjun Gupta (Alumni, CSE-2018) Co-Founder and CTO AuraML (2025)

Rahil Gupta (Alumni ECE-2017) Co-Founder Hop Electric Mobility (2024)

Archit Chauhan (Alumni CSE-2018) Co-Founder Crib (2024)

Ria Rustagi (Alumni ECE 2015) Co-Founder and CEO Neuphony (2023)

Shubham Sharma (Alumni ECE-2015) Founder Nyaykarta (2021)

PLACEMENTS 2026 BATCH*

₹94.25 LAKHS Highest Package | ₹64.73 LAKHS Average Package of Top 10 Students | ₹30.59 LAKHS Average Package of Top 100 Students

*As on 1st June, 2026

300+ RECRUITERS: LinkedIn, Google, Microsoft, amazon, ATLASSIAN, zomato & MANY MORE

ADMISSIONS OPEN 2026

OUR PROGRAMS

BTech | Integrated MTech | BBA | BCom | BCA

BSc | MCA | MDes | MTech | MSc | MBA | PhD

APPLY NOW

10+2 Merit Based Online Counselling — Counselling On 24th June

Applications Considered Till 19th June

+91-9999962128, 9999912862 | admission@mail.jiit.ac.in | www.getadmissions.com | www.jiit.ac.in

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in